minister AC
মাসিক কিস্তি
৳২০০০মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

minister Voice Control Smart Tv
ঈদ সালামি অফার
ফ্রি!
55MG5010B ৬৩,৩৩৩
৳৪৯,০০০
বিস্তারিতঃ ০৯৬০৬ ৭০০৭০০
*শর্ত প্রযোজ্য

শুক্রবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৭৩ ॥ রেজি:নং– কেএন ২৮৯ ॥ ২৩ আষাঢ় ১৪৩০ ॥ ১৮ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ০৭ জুলাই ২০২৩



## শেখ হাসিনা ও কুয়েতের প্রধানমন্ত্রীর ফোনালাপ

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করে দ্বিপক্ষীয় বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেছেন কুয়েতের প্রধানমন্ত্রী শেখ আহমদ নওয়াফ আল-আহমদ আল-সাবাহ। গত কাল বৃহস্পতি বিকালে তিনি ফোন করে বাংলাদেশের জনগণ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা জানান বলে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিমের পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বাংলাদেশ ও কুয়েতের মধ্যে সম্পর্ক আরও গভীর ও নতুন উচ্চতায় নিয়ে যেতে ২-এর পাতায় দেখুন

## বিএনপি নির্বাচন নিয়ে অপপ্রচার চালাচ্ছে



**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি তাদের জনসমর্থনহীনতার ভীতি থেকে নির্বাচন নিয়ে বিভ্রান্তিকর ও অযৌক্তিক অপপ্রচার চালাচ্ছে। তবে বাংলার জনগণ বিএনপিকে বিশ্বাস ২-এর পাতায় দেখুন

## ইইউ রাষ্ট্রদূতের পরামর্শ বিএনপির অপরাজনীতির ওপর চপেটাঘাত



**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত নাশকতা-বিশৃঙ্খলা পরিহারের যে পরামর্শ দিয়েছেন তা বিএনপির অপরাজনীতির ২-এর পাতায় দেখুন

## সরকারের পদত্যাগ ছাড়া সংলাপের প্রশ্নই ওঠে না



**নিজস্ব প্রতিবেদক :** সরকারের পদত্যাগ ঘোষণার আগে বিএনপি কোনো ধরনের সংলাপে যাবে না বলে জানিয়েছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, তত্ত্বাবধায়ক বা নিরপেক্ষ সরকার যাই বলুক না কেন, নির্দলীয় ২-এর পাতায় দেখুন

# গণতন্ত্র একদিনে প্রতিষ্ঠিত হয়নি দীর্ঘদিনের সংগ্রামের ফসল

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশে গণতন্ত্র একদিনে প্রতিষ্ঠিত হয়নি বরং এটি দীর্ঘদিনের সংগ্রামের ফসল বলে জানিয়েছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

গতকাল বৃহস্পতিবার বিকেলে জাতীয় সংসদ ভবনের উত্তর প্লাজায় নবনির্মিত কার্যালয়ের উদ্বোধনকালে এ কথা বলেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, আমাদের এ গণতান্ত্রিক ধারাটা কিন্তু দীর্ঘ সংগ্রামের ফসল, এটা সবাইকে মাথায় রাখতে হবে। এটা একদিনে আসেনি।

তিনি বলেন, গণতন্ত্রের ধারা অব্যাহত আছে বলেই দেশ এগিয়ে যাচ্ছে। স্থিতিশীলতার ধারাবাহিকতা আছে বলেই দেশের উন্নয়ন



সম্ভব হয়েছে।

সরকারপ্রধান বলেন, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ঘোষণা দিয়েছে আওয়ামী লীগ। এ জন্য স্মার্ট অফিসও দরকার। গণতান্ত্রিক ধারা অব্যাহত থাকায় সংসদ ভবনকে আগের চেয়ে আরও বেশি গোছানো সম্ভব হয়েছে। যা দেশের কাজে লাগবে।

এর আগে ফিতা কেটে ভবনে প্রবেশের পর নতুন কার্যালয়ের বিভিন্ন কর্নার ঘুরে দেখেন প্রধানমন্ত্রী। এ সময় অন্যদের মধ্যে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীসহ সংসদ সচিবালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## ঢাকাসহ ১০ জেলায় নতুন ডিসি নিয়োগ

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানী ঢাকাসহ দেশের ১০ জেলায় নতুন জেলা প্রশাসক (ডিসি) নিয়োগ দিয়েছে সরকার। বৃহস্পতিবার এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে। এবার নতুন




করে ২৭তম বিসিএসের প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদেরও ডিসি করা হয়েছে। উপসচিব এবং উপসচিব পদমর্যাদার নয়জন কর্মকর্তাকে ডিসি নিয়োগ দিয়ে নয় জেলায় পাঠানো হয়েছে। আর গাজীপুরের ডিসিকে ঢাকার ডিসি হিসেবে বদলি করা হয়েছে। এ ছাড়া জননিরাপত্তা বিভাগের উপসচিব মোহাম্মদ মোশারফ হোসেন খানকে রাঙ্গামাটি, ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়রের একান্ত সচিব (উপসচিব) শাহ্ মোজাহিদ উদ্দিনকে বান্দরবান, প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব (উপসচিব) মো. কায়ছারুল ইসলামকে টাঙ্গাইল, স্বরাষ্ট্রমন্ত্রীর একান্ত সচিব (উপসচিব) মু. আসাদুজ্জামানকে পাবনার ডিসি করা হয়েছে।

## পাকিস্তানের প্রেসিডেন্টের সঙ্গে রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের সাক্ষাৎ 'অনির্ধারিত'

**নিজস্ব প্রতিবেদক :** সউদি আরবে হজ পালন করতে গিয়ে পাকিস্তানের প্রেসিডেন্ট আরিফ আলভির সঙ্গে সাক্ষাৎ হয়েছে বাংলাদেশের প্রেসিডেন্ট মো. সাহাবুদ্দিনের। পাকিস্তানের প্রেসিডেন্টের সঙ্গে বাংলাদেশের প্রেসিডেন্টের সাক্ষাৎ 'অনির্ধারিত' বলে উল্লেখ করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। গতকাল বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাপ্তাহিক ব্রিফিংয়ে মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মুখপাত্র মোহাম্মদ রফিকুল আলম এ কথা বলেন।

ভারপ্রাপ্ত মুখপাত্র বলেন, সউদি সরকারের রাজকীয় অতিথি হিসেবে বাংলাদেশের প্রেসিডেন্ট হজ পালন করেন। হজের বিভিন্ন অনুষঙ্গ ২-এর পাতায় দেখুন

## জাতীয় সংসদ কর্মকর্তাদের নতুন অফিস উদ্বোধন প্রধানমন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তাদের জন্য একটি নতুন অফিস উদ্বোধন করেছেন। তিনি জাতীয় সংসদ ভবনের উত্তর প্লাজায় ফিতা কেটে এই কার্যালয় উদ্বোধন করেন। পরে প্রধানমন্ত্রী কার্যালয়ের বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন। এর আগে অনুষ্ঠানস্থলে পৌঁছালে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী ২-এর পাতায় দেখুন

## আসন্ন বিমসটেক সম্মেলনে যোগ দেবেন প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** আগামী ৩০ নভেম্বর বিমসটেক সম্মেলনে যোগ দিতে থাইল্যান্ড যাবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৃহস্পতিবার (৬ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক ব্রিফিংয়ে পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন সাংবাদিকদের এ তথ্য জানান। এর আগে তিনি রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (পূর্ব) সৌরভ ২-এর পাতায় দেখুন

এই আমার দেশ Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com ০৭ জুলাই ২০২৩




## ঝিনাইদহে বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন উপলক্ষ্যে এডভোকেসী সভা

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহে বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন উপলক্ষ্যে এডভোকেসী সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসস ও জলো পরিবার পরিকল্পনর আয়োজনে গতকাল জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এডভোকেসী সভা অনুষ্ঠিত হয়। উক্ত ২-এর পাতায় দেখুন

## রিয়াদে দূতাবাসের সেইফহোমে গৃহকর্মীদের ধর্ষণ, উপসচিব চাকরিচ্যুত

**নিজস্ব প্রতিবেদক :** সৌদি আরবের বাংলাদেশ দূতাবাসের সেইফহোমে আশ্রিত গৃহকর্মীদের যৌন নির্যাতন ও ধর্ষণের দায়ে একজন উপসচিবকে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে।

উপসচিব মেহেদী হাসানকে এর আগে সাময়িক বরখাস্ত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা করে রাখা হয়েছিল।

তদন্তসহ সব প্রক্রিয়া সেরে বৃহস্পতিবার তার চাকরিচ্যুতির প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়।

২১তম বিসিএস ব্যাচের প্রশাসন ক্যাডারের কর্মকর্তা মেহেদী রিয়াদ দূতাবাসে কাউন্সেলরের দায়িত্বে থাকার ২-এর পাতায় দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পাওয়া হতদরিদ্র শিক্ষার্থীর পাশে দাঁড়ালেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নের হায়দারপুর গ্রামের মোঃ আলামিন শেখ ও মোছাঃ রুজিনা বেগম দম্পতির মেয়ে মোছাঃ সুমি খাতুন ২০২২-২৩ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে সি-ইউনিট এ মেধা তালিকায় ২১২তম স্থান অর্জন করে। দরিদ্র পরিবারের মেয়ে সুমি অর্থাভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সুযোগ পেয়েও ভর্তি হতে পারবে কিনা তা নিয়ে অনিশ্চয়তা দেখা দেয়। সে খবর শোনামাত্র



চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান সুমিকে পনেরো হাজার টাকা অর্থ সহায়তা প্রদান করেন।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান ভালোভাবে পড়াশোনা করে দেশ, জাতি ও সমাজের পাশে দাঁড়ানোর জন্য সেভাবে নিজেকে যোগ্য করে তোলার পরামর্শ প্রদান করেন। তিনি ভবিষ্যতে পাশে থাকবেন বলে আশ্বস্ত করেন।

## ইসরাইলের নাগরিক মেন্দির সঙ্গে বৈঠকের কথা স্বীকার নূরের

**নিজস্ব প্রতিবেদক :** ইসরাইলের নাগরিক মেন্দি এন সাফাদির সঙ্গে বৈঠক করেছেন বলে স্বীকার করেছেন গণঅধিকার পরিষদের সদস্য সচিব নুরুল হক নূর।

গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেস ক্লাবে গণঅধিকার পরিষদের একাংশের সংবাদ সম্মেলনে এ কথা জানান দলটির সিনিয়র যুগ্ম আহ্বায়ক ফারুক হাসান।

তবে কী বিষয়ে ইসরাইলি নাগরিকের সঙ্গে নূর বৈঠক করেছেন তা দলকে এখনও বলেননি তিনি।

তিনি বলেন, অভিযোগের প্রেক্ষিতে নূর কাতারে ইসরাইলি নাগরিক মেন্দি এন সাফাদির সঙ্গে বৈঠকের বিষয়টি স্বীকার করেছেন। কোনো রকম আর্থিক সুবিধা গ্রহণের বিষয় অস্বীকার ২-এর পাতায় দেখুন




## জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা

**মেহেরপুর প্রতিনিধিঃ** জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে "আমার চোখে বঙ্গবন্ধু" বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরীর প্রতিযোগিতার প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত ২-এর পাতায় দেখুন

## নোয়াখালীতে র‍্যাবের অভিযান, দুই হাসপাতালকে অর্থদণ্ড, দুই দালাল আটক

**নিজস্ব প্রতিবেদক :** হাসপাতালে লাইসেন্স, পরিবেশ ছাড়পত্র ও অন্যান্য কাগজপত্র হালনাগাদ না থাকা, মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রি এবং প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক ও ডিপ্লোমা নার্স না থাকায় নোয়াখালীতে দুইটি বেসরকারি হাসপাতালকে ৩ লাখ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। এসময় রোগিদের প্রলোভন দেখিয়ে বেসরকারি হাসপাতালে ভর্তি করায় দুই দালালকে আটক করা হয়।

বৃহস্পতিবার সকাল থেকে দুপুর পর্যন্ত এ অভিযান পরিচালনা করেন, র‍্যাব-১১, সিপিসি-৩, নোয়াখালী ক্যাম্পের ২-এর পাতায় দেখুন

## মিনিস্টার মাইওয়ান গ্রুপের চেয়ারম্যান এম এ রাজ্জাক খান রাজ সিআইপির উদ্যোগে চুয়াডাঙ্গায় ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্যসেবা প্রশংসিত হচ্ছে

**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গার কৃতি সন্তান মিনিস্টার মাইওয়ান গ্রুপের চেয়ারম্যান, এফবিসিসিআইয়ের ভাইস-প্রেসিডেন্ট ও বাংলাদেশ আওয়ামী লীগের অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপকমিটির সম্মানিত সদস্য জনাব এমএ রাজ্জাক খান রাজ সিআইপি এর নিজ উদ্যোগে চুয়াডাঙ্গাবাসীর স্বাস্থ্য সেবা উন্নয়নের জন্য 'ইউনিয়নভিত্তিক স্বাস্থ্য সেবা' কার্যক্রম চালু করেছে। তারই ধারাবাহিকতায় সম্প্রতি আলমডাঙ্গার আইলহাঁস




ইউনিয়ন পরিষদে আগত দুস্থ রোগীদের মাঝে, ফ্রি চিকিৎসা, ফ্রি ওষুধ বিতরণ ও ফ্রি সুগার টেস্টসহ বিভিন্ন চিকিৎসা সেবা প্রদান করা হয়। আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়ন পরিষদে এই স্বাস্থ্য ক্যাম্পাইন চলাকালে মোট ৩৮৯ জন রোগীকে বিভিন্ন স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। এই সেবা পর্যায়ক্রমে চুয়াডাঙ্গার প্রতিটি ইউনিয়নে ছড়িয়ে দেওয়া হবে। এ বিষয়ে জানতে চাওয়া হলে তিনি বলেন, "মাননীয় ২-এর পাতায় দেখুন




## মহেশপুরে ইউপি সদস্যের বিরুদ্ধে বিধবা ভাতার টাকা আত্মসাতের অভিযোগ

**মো ঃ আজাদ, মহেশপুর :** অসহায় বিধবা রিজিয়া বেগমের ভাতার কার্ডটি ইসু হয় ২০২০-২০২১ অর্থ বছরে। কার্ড ইসু হওয়ার পর থেকে আজ পর্যন্ত ১০ বার ভাতার টাকা এসেছে ইউপি সদস্য শাহাজান আলীর মোবাইল নম্বরে। একজন ইউপি সদস্য যদি ২-এর পাতায় দেখুন

# মার্কিন প্রতিনিধি দলের সফর নির্বাচন কেন্দ্রিক নয়

**নিজস্ব প্রতিবেদক :** আগামী ১১ জুলাই চার দিনের সফরে একটি প্রতিনিধিদল নিয়ে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের নাগরিক নিরাপত্তা, মানবাধিকার ও গণতন্ত্রবিষয়ক আন্ডার সেক্রেটারি উজরা জিয়া বাংলাদেশ সফরে আসছেন। ওয়াশিংটনের উচ্চ পর্যায়ের এ প্রতিনিধিদলের সফর বাংলাদেশের জাতীয় নির্বচানকেন্দ্রিক নয় বলে জানিয়েছেন পররাষ্ট্র-সচিব মাসুদ বিন মোমেন।

গতকাল বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাপ্তাহিক মিডিয়া ব্রিফিংয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা জানান তিনি। পররাষ্ট্র-সচিব বলেন, মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদল নির্বাচনের জন্য আসছেন এটা আমাদের তথ্যের মধ্যে নেই। এখানে অনেক ইস্যু আলোচনা হবে। অনেক বিষয় নিয়ে আলোচনা হবে, তার মধ্যে একটা হয়তো থাকবে নির্বাচন নিয়ে, সেটাকে রুল আউট করছি না। এটা যে নির্বাচন কেন্দ্রিক সফর সেটা ঠিক নয়।

আগামী ১১ থেকে ১৪ জুলাই যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের নাগরিক নিরাপত্তা, মানবাধিকার ও গণতন্ত্রবিষয়ক আন্ডার সেক্রেটারি ঢাকা সফর ২-এর পাতায় দেখুন

## ভারতের পররাষ্ট্র-সচিবের সঙ্গে নির্বাচন নিয়ে আলাপ অমূলক

বে অব বেঙ্গল ইনিশিয়েটিভ ফর মাল্টি-সেক্টোরাল টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক কো-অপারেশন (বিমসটেক) ইস্যুতে আলোচনা করতে ঢাকায় এসেছেন ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (পূর্ব) সৌরভ কুমার। ঢাকা সফররত ২-এর পাতায় দেখুন

## শ্যামনগরে আমন মৌসুমে ধানবীজ ও সার বিতরণ করেছে লিডার্স

**সোহাগ হোসেন সাতক্ষীরা :** সাতক্ষীরার শ্যামনগরে আমন মৌসুমে ধানবীজ ও সার বিতরণ করেছে লিডার্স। বৃহস্পতিবার সকালে বেসরকারি উন্নয়ন সংস্থা লিডার্স এর বাস্তবায়নে এবং জার্মান দাতা সংস্থা 'ব্রেড ফর দ্য ওয়ার্ল্ড' এর আর্থিক সহযোগিতায় "জলবায়ু পরিবর্তনে ঝুঁকিপূর্ণ জনগণের জীবন-জীবিকা নিরাপত্তা শক্তিশালীকরণ কার্যক্রম" উপকূলীয় এলাকায় অভিযোজিত কৃষি সম্প্রসারনের লক্ষে লিডার্স এর প্রধান




কার্যালয়ে ১১৪৮ জন কৃষকের মাঝে লবণ ও খরা সহনশীল ১১৪৮০ কেজি ধানবীজ ও ৯১৮৪ কেজি সার বিতরণ করা হয়েছে।

উক্ত বীজ ও সার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বীজ ও সার বিতরণ উদ্বোধন করেন সাতক্ষীরা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য এস.এম. জগলুল হায়দার। লিডার্স এর নির্বাহী পরিচালক মোহন কুমার মন্ডলের সভাপতিত্বে ২-এর পাতায় দেখুন

## যশোরের মনিরামপুরে সড়ক দুর্ঘটনায় ট্রাকের হেলপার নিহত

**এস আর নিরব, যশোর :** যশোরের মনিরামপুরে পণ্যবাহী একটি ট্রাক রাস্তার পাশের চালের মিলের প্রধান ফটকে ধাক্কা দিয়ে দুমড়েমুচড়ে গেছে। এতে ঘটনাস্থলে নিহত হয়েছেন বিজয় হোসেন (২৩) নামের এক ব্যক্তি। চালক ঘুমিয়ে থাকায় এ সময় গাড়ি চালাচ্ছিলেন হেলপার বিজয়। আহত



হয়েছেন ট্রাকের ভেতরে থাকা হৃদয় শেখ ও জাহিদুল ইসলাম। মনিরামপুর ফায়ার সার্ভিসের স্টেশন কর্মকর্তা আমজাদ হোসেন বিষয়টি নিশ্চিত করেন। বৃহস্পতিবার ভোরে যশোর-চুকনগর সড়কের মনিরামপুর পেয়ারাতলা মোড় এলাকায় দুর্ঘটনাটি ঘটে। ট্রাকটি মোড়ের ব্যাপারী রাইস মিলের গেট ভেঙে ভেতরে ঢুকে পড়েছিল। খবর পেয়ে ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

শুক্রবার ০৭ জুলাই ২০২৩

# কান্নাভেজা চোখে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানালেন তামিম ইকবাল



**নিজস্ব প্রতিবেদক :** ঝড়ের পূর্বাভাস ছিল আগেই। কোনো ক্রিকেটারের এভাবে নিজ উদ্যোগে সংবাদ সম্মেলন ডাকার ঘোষণা তো বাংলাদেশের ক্রিকেটে রোজ ঘটে না। শেষ পর্যন্ত যা হলো, সেটিকে বলা যায় ঘূর্ণিঝড়। আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দিলেন তামিম ইকবাল।

চট্টগ্রামের একটি হোটেলে বৃহস্পতিবার দুপুরে এই ঘোষণা দেন তামিম। আগের দিন আফগানিস্তানের বিপক্ষে সিরিজের প্রথম ওয়ানডেতে দলকে নেতৃত্ব দেন তিনিই। নিজ শহরের মাঠে সেই ম্যাচটিই হয়ে থাকল তার ক্যারিয়ারের শেষ। ৩৪ বছর বয়সী ওপেনার বিদায় বলে দিলেন সিরিজের মাঝপথেই।

বিদায়ের কথা বলতে গিয়ে এক পর্যায়ে ধরে আসে তার কণ্ঠ। মাথা নিচু করে চোখের পানি মুছতে দেখা যায় তাকে। সিদ্ধান্তটি হুট করে নেওয়া হয়নি বলেও জানান তিনি।

"আফগানিস্তানের বিপক্ষে গতকালকের ম্যাচটিই আমার ক্যারিয়ারের শেষ ম্যাচ। এই মুহূর্ত থেকে আমি আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানাচ্ছি।"

"এটার পেছনে হুট করে কোনো সিদ্ধান্ত ছিল না। এটা নিয়ে ভাবছিলাম আমি... এটার ভিন্ন ভিন্ন কারণ আছে, যেটা আমার মনে হয় না এখানে বলার দরকার আছে। এটা না যে হুট করে সিদ্ধান্ত নিয়েছি। বেশ কিছু দিন ধরেই কথা বলছিলাম, পরিবারের সদস্যদের সঙ্গেও কথা বলছিলাম। আমার মনে হয়েছে, আন্তর্জাতিক ক্রিকেট থেকে সরে দাঁড়ানোর উপযুক্ত সময় এটিই।"

সাম্প্রতিক সময়টাতে চোট নিয়ে বেশ ভুগছিলেন তামিম। চোটের কারণে গত ডিসেম্বরে ভারতের বিপক্ষে সিরিজে খেলতে পারেননি তিনি। পিঠের নিচের অংশের পুরনো ব্যথা মাথাচাড়া দেওয়ায় কিছুদিন আগে খেলতে পারেননি আফগানিস্তানের বিপক্ষে মিরপুর টেস্টে। চলতি ২-এর পাতায় দেখুন

অসামাজিক কর্মকাণ্ড

## প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষিকা বরখাস্ত

**নিজস্ব প্রতিবেদক :** নওগাঁর বদলগাছী উপজেলার 'বেগুন জোয়ার উচ্চ বিদ্যালয়ের' প্রধান শিক্ষক আবু সাদাত শামীম আহমেদ ও একই স্কুলের সহকারি শিক্ষিকার বিরুদ্ধে অফিস কক্ষে অসামাজিক কর্মকান্ডের অভিযোগে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টার দিকে তাদের সাময়িক বরখাস্ত করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন বদলগাছী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ওয়াশিউর রহমান। প্রধান শিক্ষক সাময়িক বরখাস্ত হওয়ায় খুশি এলাকাবাসী। তাদের দাবী স্থায়ী ভাবে তাকে বরখাস্ত করা হোক।

গতকাল বৃহস্পতিবার বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আ.স.ম শফি মাহমুদ এর স্বাক্ষরিত পত্র থেকে জানা যায়- 'প্রধান শিক্ষক এবং সহকারি শিক্ষিকা অসামাজিক ভিডিও ভাইরাল হওয়ায় অধিকাংশ কমিটির সিদ্ধান্ত মোতাবেক দুইজনকে সাময়িক বরখাস্ত করা হলো। এছাড়াও তদন্ত কমিটি গঠন করা হয় এবং তদন্ত কমিটির সুপারিশ মোতাবেক পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তদন্ত কমিটির প্রধান উপজেলা মাধ্যমিক সহকারি শিক্ষা অফিসার আব্দুল্লাহ আল মামুন বলেন, আমাকের বুধবার তদন্ত কমিটির দায়িত্ব দেওয়া হয়। আজ বৃহস্পতিবার সকাল ১০ টা ১৫ মিনিটের ২-এর পাতায় দেখুন

# দেশে বড় হচ্ছে সিনথেটিক ড্রাগের বাজার



**স্টাফ রিপোর্টার :** মাদকের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্সেও নানা কৌশলে দেশে ঢুকছে সিনথেটিক ড্রাগের চালান। বড় হচ্ছে বাজার। ক্রিস্টাল মেথ, কুশ, ম্যাজিক মাশরুম কিংবা শয়তানের নিঃশ্বাস- সবক'টিই সিনথেটিক ড্রাগ! ফেনসিডিল, ইয়াবা, হেরোইনের মতো প্রচলিত মাদককে পিছে ফেলে তরুণ প্রজন্ম এখন সিনথেটিক ড্রাগে নতুন নেশায় মেতেছে। ফলে সিনথেটিক ড্রাগ ছড়িয়ে পড়ছে দ্রুত। অথচ প্রচলিত মাদকের চেয়ে সিনথেটিক ড্রাগ স্বাস্থ্যের জন্য কয়েক গুণ ক্ষতিকর। এসব মাদকের দামও বেশ চড়া। নানা কৌশলে অধিকাংশ মাদক সীমান্ত গলিয়ে ঢুকছে দেশে। তাছাড়া কুরিয়ার সার্ভিসের মাধ্যমেও বিভিন্ন দেশ থেকে সিনথেটিক ড্রাগ আসছে। সিনথেটিক ড্রাগ দেশে আনতে অনেক সময় সামাজিক যোগাযোগমাধ্যমকে প্ল্যাটফর্ম হিসেবে ব্যবহার করা হচ্ছে। মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি) সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, মাদক নিয়ন্ত্রণের প্রচলিত পদ্ধতি খুব বেশি কার্যকর নয়। অভিযান, গ্রেপ্তার ও কথিত বন্দুকযুদ্ধের মতো কঠোর ব্যবস্থা নেওয়া হলেও মাদক কারবারিরা আগের মতোই সক্রিয়। তাছাড়া বেশ কিছু নতুন ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদায় বিষপানে মোটরসাইকেল মেকানিক রুবেলের আত্মহত্যা : এলাকায় শোকের ছায়া



**দামুড়হুদা প্রতিনিধি :** দামুড়হুদায় বিষপানে মোটরসাইকেল মেকানিক রুবেল হোসেন (৩৩) আত্মহত্যা করছে।

দামুড়হুদা উপজেলা সদরের দশমী স্থানীয় পাড়ার ইলা বক্সের ছেলে ২ সন্তানের জনক মোটরসাইকেল ম্যাকানিক রুবেল হোসেন গতকাল সকাল ৬টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরন করেন। সকলের পরিচিত মুখ রুবেলের মৃতের খবর এলাকায় ছড়িয়ে ২-এর পাতায় দেখুন

## ডুমুরিয়ায় বিদ্যুতায়িত হয়ে দশম শ্রেণির ছাত্রের মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** ডুমুরিয়ায় উপজেলায় বিদ্যুতায়িত দশম শ্রেণির শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলার গোনালী গ্রামে এ ঘটনাটি ঘটে। মৃত শিক্ষার্থী ওই গ্রামের জনৈক আবুল কালাম শেখের ছেলে মো: রকিবুল ইসলাম। সে টিপনা শেখ আমজাদ মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়ের ১০ম শ্রেণির শিক্ষার্থী ছিল।

পুলিশ ও পারিবারিক সূত্রে জানা গেছে , রাকিবুল ঈদ উপলক্ষে মামার ২-এর পাতায় দেখুন





## আলমডাঙ্গা কলেজপাড়ায় ৫ বছরের শিশু সদ্য নির্মিত ড্রেনের পানিতে পড়ে মৃত্যু

**আলমডাঙ্গা অফিস :** আলমডাঙ্গা কলেজপাড়ায় ৫ বছরের শিশু সদ্য নির্মিত ড্রেনের পানিতে পড়ে মৃত্যুবরন করে। গতকাল কলেজ পাড়ার রোকনের ৫বছরের শিশু কন্যা সামিয়া মাগরিবের পর তাকে বাসায় না পেয়ে খুজতে থাকে। বাড়ীর আশপাশে বহু জায়গায় খোজাখুজির পর লোকমান ক্লিনিকের পাশে রোকনের বাড়ীর সামনের পৌর সভার জলাবদ্ধ ড্রেনে তার মৃত দেহ ভাসতে দেখে। দ্রুত তারা সামিয়ার মৃতদেহ ড্রেন থেকে তুলে আনে। অনেকের ধারনা সে সন্ধার দিকে ড্রেনের ঢাকনা না থাকায় জলাবদ্ধ পানীতে পড়ে ডুবে মারা যায়। তার মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে আশপাশের শত শত মানুষ শিশুটিকে এক নজর দেখতে ২-এর পাতায় দেখুন

## আলমডাঙ্গায় স্মার্ট বাংলাদেশ বিনির্মানে স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরন



**আলমডাঙ্গা অফিস :** আলমডাঙ্গা উপজেলা প্রশাসন, মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা পরিসংক্ষান অফিসের উদ্যোগে স্মার্ট বাংলাদেশ বিনির্মানে মাধ্যমিক স্কুল ও মাদ্রাসার মেধাবি শিক্ষার্থীদের মাধে ট্যাবলেট বিতরন করা হয়েছে। গতকাল আলমডাঙ্গা বালিকা বিদ্যালয়ের হলরুমে ট্যাবলেট বিতরন করা হয়।

অনুষ্টানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর মেয়র হাসান কাদির গনু, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা সহকারি কমিশনার ভুমি রেজওয়ানা নাহিদ, উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ইয়াকুব মাষ্টার, উপজেলা মাধ্যমিক শিক্ষাঅফিসার জিয়াউল হক, প্রেসক্লাবের সাধারন সম্পাদক হামিদুল ইসলাম প্রমুখ। কলেজিয়েট স্কুলেরর উপাধ্যক্ষ শামিম রেজার উপস্থাপনায় স্বগত বক্তব্য রাখেন উপজেলা পরিসংক্ষান কর্মকর্তা মফিজুল ২-এর পাতায় দেখুন

## গোপালগঞ্জে ট্রাক-অ্যাম্বুলেন্স মুখোমুখি সংঘর্ষে ৪ জন নিহত

**নিজস্ব প্রতিবেদক :** গোপালগঞ্জ সদরে ট্রাক ও অ্যাম্বুলেন্সের মুখোমুখি সংঘর্ষে চারজন নিহত হয়েছেন। এছাড়া এতে আহত হয়েছেন আরও চারজন।

গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টার দিকে ঢাকা-খুলনা মহাসড়কের আরামবাগ এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

গোপালগঞ্জ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জাবেদ মাসুদ বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, রোগী নিয়ে একটি অ্যাম্বুলেন্স খুলনা থেকে ঢাকায় যাচ্ছিল। এসময় বিপরীত দিক থেকে আসা মাটিকাটা এক্সক্যাভেটর বহনকারী একটি ট্রাকের সঙ্গে অ্যাম্বুলেন্সটির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে এ হতাহতের ঘটনা ঘটে।

ওসি ২-এর পাতায় দেখুন




## সাতক্ষীরার ছয়ঘরিয়া শিব মন্দিরের টাকা লুটপাটকারীদের শাস্তির দাবিতে মানববন্ধন

**সোহারাফ হোসেন সৌরাভ, সাতক্ষীরা :** সাতক্ষীরা সদর উপজেলার ছয়ঘরিয়ার ঐতিহ্যবাহী জোড়া শিব মন্দির সংস্কার ও উন্নয়নের নামে অর্থের অপব্যবহার, আত্মসাৎ ও মন্দিরের ৫ বিঘা (দিঘী) পুকুরের মাছ লুটপাটের অভিযোগে মনোরঞ্জন, চিরন্তন দাস ও বাদল চন্দ্র দাসের শাস্তিরর দাবিতে মানববন্ধন করেছে এলাকাবাসী। গতকাল ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জ উপজেলা আ'লীগের নবগঠিত কমিটির সাথে স্থানীয় গণমাধ্যমকর্মীদের মতবিনিময়




**বাদশা ফরহাদ ,কালীগঞ্জ :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা আওয়ামীলীগের নবগঠিত কমিটি স্থানীয় গণমাধ্যমকর্মীদের সাথে মতবিনিময় করেছেন। বৃহস্পতিবার বিকালে উপজেলা আওয়ামীলীগের কোটচাঁদপুর সড়কের দলীয় কার্যালয়ে এ মতমিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় লিখিত বক্তব্য পাঠ করেন, নবগঠিত কমিটির সাধারন সম্পাদক মোঃ আয়ুব হোসেন। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি প্রবীন নেতা বীর মুক্তিযোদ্ধা ইসরাইল হোসেন, সাহ-সাধারন সম্পাদক মতিয়ার রহমান মতি, সাংগঠনিক ২-এর পাতায় দেখুন




## আলমডাঙ্গায় মাদক বিরোধী অভিযানে ৪০ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ ১ জন গ্রেফতার

**আলমডাঙ্গা অফিস :** আলমডাঙ্গা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪০ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ মাদক ব্যবসায়ী সোহেলকে আটক করেছে। গত বুধবার রাতে আলমডাঙ্গা পৌরসভাধীন রেলস্টেশন গোডাউনের বিপরীত পাশে জনৈক সামাদ ২-এর পাতায় দেখুন

## আলমডাঙ্গায় বঙ্গবন্ধু-বঙ্গমাতা অনূর্ধ্ব ১৭ গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টর প্রস্তুতিমূলক সভা




**আলমডাঙ্গা অফিস :** আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্দ্যোগে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বালক অনুর্ধ ১৭ ও বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিব বালিকা অনুর্ধ ১৭ জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট খেলার প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল উপজেলা পরিষদ হলরুমে এ সভায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা পৌর মেয়র হাসান কাদির গনু, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা সহকারি ২-এর পাতায় দেখুন



## শৈলকুপায় পানিতে ডুবে কলেজ ছাত্রের মৃত্যু

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার বসন্তপুর গ্রামের কালি নদীর উপর নির্মিত ব্রীজথেকে লাফিয়ে পড়ে পানিতে ডুবে সোহাগ নামের এক মেধাবী কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। মৃত সোহাগ রতিডাঙ্গা গ্রামের সাগর মোল্লার ছেলে। স্থানীয়রা ২-এর পাতায় দেখুন

## মুজিবনগরে বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বাগোয়ান জয়ী



**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের মুজিবনগরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব -১৭) এর ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগে বুধবার বিকেলে দারিয়াপুর ফুটবল মাঠ প্রাঙ্গণে টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক আবুল হোসেন ও শামীম শিশিরের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ ভারপ্রাপ্ত চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারন সম্পাদক আবুল কালাম, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল, উপজেলা একাডেমীক সুপার ভাইজার হাসনাইন কবির, উপজেলা যুব উন্নমন কর্মকর্তা রকিব উদ্দীন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, দারিযাপুর ইউপি চেয়ারম্যান এএসএম মাহাবুব আলম রবি প্রমুখ । আম্পায়ারের দ্বায়িত্ব পালন করেন মাহাবুবুল ইসলাম, লাল্টু ও আব্দুল কুদ্দুছ। খেলায় ৪-১ গোলে মোনাখালী ইউনিয়নকে হারিয়ে বাগোয়ান ইউনিয়ন একাদশ বিজয়ী হয়েছে।

## ফেসবুক-ইনস্টাগ্রামে আর বিজ্ঞাপন দেবে না কানাডা সরকার

**নিজস্ব প্রতিবেদক :** কানাডা সরকার একটি নতুন আইনকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে চলমান বিরোধের জেরে ফেসবুক ও ইনস্টাগ্রামে বিজ্ঞাপন বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ।

গত বুধবার দেশটির ঐতিহ্য ও সংস্কৃতিবিষয়ক মন্ত্রী পাবলো রদ্রিগুয়েজ এ ঘোষণা দিয়েছেন।

গত মাসে কানাডায় অনলাইন নিউজ অ্যাক্ট বা সি-১৮ বিলটি আইনে পরিণত হয়েছে। চলতি বছরের শেষ নাগাদ এটি কার্যকর হওয়ার কথা। এই আইনের আওতায় সামাজিক যোগাযোগমাধ্যমগুলোকে সংবাদসংক্রান্ত বিজ্ঞাপন থেকে আয়ের ২-এর পাতায় দেখুন




## পিরোজপুর ইউনিয়ন কৃষকলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন কৃষকলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকেল ৫ টায় যাদুখালি স্কুল এন্ড কলেজ হলরুমে সম্মেলন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে কৃষকলীগ নেতা মনসুর আলী সভাপতিত্বে অনুষ্ঠানের উদ্বোধন করেন মেহেরপুর জেলা কৃষক লীগের সহ-সভাপতি মাহবুব উল আলম শান্তি। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ২-এর পাতায় দেখুন

## পুত্রবধূর নির্যাতনে শ্বাশুড়ির আত্মহত্যা

**নিজস্ব প্রতিবেদক :** পুত্র ও পুত্রবধূর নির্যাতনের শিকার হয়ে ক্ষোভে-দুঃখে বিষপান করে আত্মহত্যা করেছেন চুনা রানী (৫৫)। গত বুধবার দিবাগত রাত ১টায় পটুয়াখালীর বাউফলের আদাবাড়িয়া ইউনিয়নের মধবপুর গ্রামের মাখম সাজ্জাল বাড়িতে এ ঘটনা ঘটে। খবর পেয়ে আজ বৃহস্পতিবার (৬ জুলাই) বগা তদন্ত কেন্দ্রের পুলিশ ঘটনাস্থল যান।

মৃতের স্বামী মাখম সাজ্জালের অভিযোগ, তিনি ও তার স্ত্রী চুরা রানী (৬৫), ছেলে মাধব সাজ্জাল ও নাতি মাধবী সাজ্জাল একই ঘরে আলাদা বসবাস করেন। ঘরের মধ্যে পার্টিশন করা। ঘটনার দিন রাত ৮টার দিকে চুরা রানী তার পুত্রবধূর কাছে কিছু চাল ও ডাল চান রান্না ২-এর পাতায় দেখুন




## কলারোয়ার মহিলা বিষয়ক অধিদপ্তরের হস্তক্ষেপে বাল্যবিবাহ রোধ

**সোহাগ হোসেন, সাতক্ষীরা :** সাতক্ষীরার কলারোয়ায় ৮ম শ্রেণীতে পড়ুয়া এক ছাত্রীর বাল্যবিবাহ রোধ করা হয়েছে। ঘটনাটি ঘটেছে উপজেলার কুশোডাঙ্গা ইউনিয়নের শাকদাহ (মিলনপাড়া) গ্রামে। উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের হস্তক্ষেপে ওই বাল্যবিবাহ বন্ধ করা হয়। বুধবার কুশোডাঙ্গা ইউপি'র শাকদাহের মিলনপাড়া বাজারের পার্শ্বে বসবাসকারি রবিন মন্ডলের ৮ ম শ্রেণীতে পড়ুয়া অপ্রাপ্ত ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# এই ভোগান্তির শেষ কোথায়?

কাঁচা মরিচের দাম নিয়ে বাজারে লঙ্কাকাণ্ড চলছে। গতকাল বুধবার সকাল থেকে কেজিপ্রতি ৫০০ টাকা বিক্রির খবর পাওয়া গেছে। ভারত থেকে আমদানির খবরে দাম কিছুটা কমে এসেছিল। গত সোমবার রাজধানীর বিভিন্ন বাজারে বিক্রি হয়েছে ২০০ টাকার মধ্যে। মঙ্গলবার দাম বেড়ে ৩০০-৩৫০ টাকায় ওঠে। একদিনের ব্যবধানে কীভাবে মরিচের দাম এমন অস্বাভাবিকভাবে বেড়ে যায়- তা নিয়ে প্রশ্ন তুলছেন ক্রেতারা। নতুন করে বাড়তে শুরু করেছে আলু, আদা ও পেঁয়াজের দাম। আমরা দেখছি, আজ পেঁয়াজ তো কাল মরিচ, তেল কিংবা চিনি, চাল, মাছ, সবজি- কোনো না কোনো একটি পণ্য নিয়ে দাম বাড়ানোর প্রতিযোগিতা চলছে। দেখা যায়, গত এক বছরে দেশের বাজারে চাল, ডাল, আলু, বেগুন, মরিচ, মাছ ও গরুর মাংসসহ সব খাদ্যপণ্যের দাম বেড়েছে। এর মধ্যে সব থেকে বেশি কাঁচা মরিচে ৩৩৩ শতাংশ ও ডালের দাম বেড়েছে ২৭ শতাংশ। একই চিত্র দেখা গিয়েছিল গত রমজান মাসে পেঁয়াজের বাজারে। মার্চ মাসে দেশের বাজারে খুচরা পর্যায়ে প্রতি কেজি পেঁয়াজ যেখানে বিক্রি হয়েছিল ৩০-৪০ টাকায়। কিন্তু মার্চের শেষ থেকেই দাম ধাপে ধাপে বাড়তে বাড়তে জুন মাসের শুরুতে প্রতি কেজি পেঁয়াজের দাম ১০০ টাকা ছাড়িয়ে যায়। অস্বাভাবিক মূল্যবৃদ্ধির লাগাম টেনে ধরতে সরকারের নীতিনির্ধারকরা বছরজুড়ে নানা পদক্ষেপ নিয়েছেন। তবে এসব পদক্ষেপ ভোক্তা পর্যায়ে তেমন কোনো কাজে আসছে না। উল্টো ব্যবসায়ীদের সিন্ডিকেটের কারণে কিছু কিছু পণ্যের মূল্য বৃদ্ধি করতে সরকার বাধ্য হয়েছে। যার প্রভাবে বাজারে অস্থিরতা বিরাজ করছে। এতে নিম্ন ও মধ্যম আয়ের মানুষের ভোগান্তির মাত্রা চরমে পৌঁছেছে। আন্তর্জাতিক বাজারের সঙ্গে সংযোগ নেই এমন কয়েকটি পণ্যের দামও স্থানীয় বাজারে উর্ধ্বমুখী। সাধারণ মানুষ প্রতিনিয়ত হিমশিম খাচ্ছে। সাম্প্রতিক সময়ে মানুষের আয় যে হারে বেড়েছে, তার চেয়ে কয়েকগুণ বেশি হারে বাড়ছে খরচ। যা আয় হচ্ছে তার প্রায় সবই খাদ্যপণ্য কিনতেই শেষ হয়ে যাচ্ছে। অন্যদিকে স্বাস্থ্য, চিকিৎসা ও শিক্ষার জন্য খরচ করার মতো টাকা হাতে থাকছে না। সাধারণ মানুষের জন্য সরকার টিসিবির কার্যক্রম চালু করেছে। তবে তা পর্যাপ্ত নয়। টিসিবির কার্যক্রম ও পরিসর বাড়ানোর তাগিদ নানা মহল থেকে বারবার দেয়া হলেও সংস্থাটির কার্যক্রম উল্লেখযোগ্য নয়। করোনা দুর্যোগ দেশের উল্লেখযোগ্য অংশের মানুষের জীবনযাপনে চরম বিরূপ প্রভাব ফেলেছে। অনেকেই হয়ে পড়েছেন কর্মহীন। এমন পরিস্থিতিতে বাজারে অসাধু ব্যবসায়ীদের কারসাজি যেন 'মড়ার উপর খাঁড়ার ঘা'। অনেকবার সিন্ডিকেট ব্যবসায়ীদের চিহ্নিত হলেও কঠোর শাস্তির আওতায় আনা হয়নি। ফলে নানা ইস্যুতে নিত্যপণ্যের বাজার অস্থিতিশীল করে তুলছে। বাজার নিয়ন্ত্রণে ২০১২ সালে প্রতিযোগিতা আইন হয়েছে। কিন্তু এখন পর্যন্ত এর বাস্তবায়ন দৃশ্যমান নয়। বাজার নিয়ন্ত্রণ জনগণকে জিম্মিদশা থেকে মুক্তি দেয়া সরকারের সামনে বড় চ্যালেঞ্জ। সরকারকে অবশ্যই চালেঞ্জ মোকাবিলায় সফল হতে হবে। দেশের উন্নয়ন হচ্ছে এটা অস্বীকার করা যাবে না। এ উন্নয়নের সুফল যেন জনগণ পায় তার ব্যবস্থা করাও সরকারের কাজ। এ ব্যাপারে সরকারকে অবশ্যই কঠোর পদক্ষেপ নেয়া জরুরি।

## ঝিনাইদহে বিশ্ব জনসংখ্যা দিবস

এডভোকেসী সভায় সভাপতিত্ব করেন ঝিনাইদহ জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এস. এম. রফিকুল ইসলাম। এসময় আরো উপস্থিত ছিলেন জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা ওঅতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব রথীন্দ্র নাথ রায়। জেন্ডার সমতাই শক্তি, নারী ও কন্যা শিশুর মুক্ত উচ্চারণে হোক পৃথিবীর অবারিত সম্ভাবনার দ্বার উন্মোচন শীর্ষক প্রতিপাদ্যকে সামনে রেখে উদযাপিত হবে বিশ্ব জনসংখ্যা দিবস ২০২৩।
জেলা প্রশাসক এস. এম. রফিকুল ইসলাম বাংলাদেশের জনসংখ্যার সম্ভাবনা ও চ্যালেঞ্জ, ডেমোগ্রাফিক ডিভিডেন্ড, নারীর ক্ষমতায়ন, নারীর ক্ষমতায়নে বর্তমান সরকারের গৃহীত যুগোপযোগী কর্মসূচিসমূহ এবং নিজস্ব পরিকল্পনা সম্পর্কে আলোকপাত করেন। সরকার প্রদত্ত সকল সুযোগ সুবিধার সদ্ব্যবহারের মাধ্যমে নারী ও কন্যা শিশুর অমিত সম্ভাবনাসূহ কাজে লাগিয়ে দেশ ও সমাজের টেকসই উন্নয়নে শামিল হতে সকলকে তিনি আহ্বান জানান।

## জাতীয় শোক দিবস পালন

হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট লিউজা-উল জান্নাহ, অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ কাদির মিয়া, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, মুজিবনগর উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া সিদ্দিকা সেতু, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর সরকারি কলেজের উপাধাক্ষ প্রফেসর আব্দুর রাজ্জাক, মেহেরপুর সরকারি মহিলা কলেজের সহযোগী অধ্যাপক মিরাজ হোসেন, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেশ রঞ্জন রায়, মেহেরপুর সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের সি-নয়র শিক্ষক আব্দুর রাজ্জাক প্রমুখ। জেলার সকল প্রাথমিক, মাধ্যমিক, কলেজ ও সমমানের প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে ব্যাপকভাবে প্রচার ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ভিডিও চিত্র তৈরি প্রতিযোগিতা সফল করার সিদ্ধান্ত গৃহীত হয়। এই প্রতিযোগিতার মাধ্যমে জাতির পিতার স্বপ্ন, সংগ্রাম, আদর্শ, চেতনা, জীবন, দর্শনকে ধারণ করে স্কুল, কলেজ, মাদ্রসার শিক্ষার্থীরা এক মিনিটের ভিডিও চিত্র তৈরি করবে। উপজেলা, জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

## মহেশপুরে ইউপি সদস্যের বিরুদ্ধে

অসহায় বিধবা নারীর ১৫'শ টাকার লোভ সামলাতে না পারে তাহলে ইউপি সদস্য হওয়ার কোন প্রয়োজন নেই বলে মন্তব্য করেছেন ঝিনাইদহের মহেশপুর উপজেলার বাঁশবাড়ীয়া ইউনিয়নের মকরধ্বজপুরের গ্রাম বাসীরা। শাহাজান আলী বাঁশবাড়ীয়া ইউনিয়নের ৫নং ওয়ার্ডের ইউপি সদস্য।
তবে মকরধ্বজপুর গ্রামের কয়েক জন নাম না প্রকাশে অনিচ্ছুকরা জানান, বিধবার টাকা আসে মেম্বারের নম্বরে বিষয়টি এলাকায় জানাজানি হয়ে গেলে মেম্বার রাতেই ঐ অসহায় বিধবা নারীর সাথে মিমাংসা করে নিয়েছেন।
রিজিয়া বেগমের পরিবারের সদস্যরা জানান, তার নামে ভাতার কার্ড হয়েছে আমরা শুনেছি। কিন্তু ভাতার টাকা কার মোবাইলে আসে সে আমাদের জানা নেই।
ইউপি সদস্য শাহাজান আলী জানান, রিজিয়া বেগমের কোন ফোন না থাকায় আমার মোবাইল নম্বর তার ভাতার কার্ডে দেওয়া হয়। সে কারনেই তার ভাতার টাকা আমার মোবাইল নম্বরে আসে। আমি তার টাকা মেরে খাইনি।
বাঁশবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা জিন্টু জানান, ভাতার টাকা আসার কথা ভাতা ভোগীর মোবাইল নম্বরে। কোন ইউপি সদস্যের নম্বরে আসার কথা না। তার পরও বিষয়টি আমি খোজ খবর নিয়ে দেখছি।
মহেশপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশী জানান, ইউপি চেয়ারম্যান বা ইউপি সদস্যের মোবাইল নম্বরে অন্যের ভাতার টাকা আসার কোন সুযোগ নেই। এটা সম্পুন্ন আইনগত ভাবে অপরাধ। যার কারনেই আমি ইউপি সদস্য শাহাজান আলীকে বিধবার ভাতার টাকা আত্নসাতের কারন ব্যাখা চেয়ে চিঠি দিয়েছি।

## মিনিস্টার মাইওয়ান গ্রুপের

প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার স্বপ্ন 'স্মার্ট বাংলাদেশ' গড়ার । আর সে লক্ষ্যকে সামনে রেখে এবং তার হাতকে শক্তিশালী করতে কাজ করছি। আমি নেত্রীর নির্দেশে চুয়াডাঙ্গাবাসীর সার্বিক উন্নয়নে অবিরাম কাজ করে চলেছি। চুয়াডাঙ্গাবাসীর উন্নয়ন কাজেরই একটি অংশ চুয়াডাঙ্গার প্রান্তিক জনগণের স্বাস্থ্য সেবার উন্নয়ন। প্রান্তিক জনগণের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা পৌছে দিতেই এই উদ্যোগ। আমার চুয়াডাঙ্গার একটি মানুষও যেন চিকিৎসার অভাবে মৃত্যুবরণ না করে সেই লক্ষ্যে দীর্ঘদিন ধরে কাজ করছি। আপনারা নিশ্চই অবগত আছেন, বিশ্ব যখন করোনা মহামারীতে আক্রান্ত ঠিক সে সময়ই আমি আমার নিজ বাড়ি পলাশ পাড়ায় অবস্থিত 'খান মহলকে' চুয়াডাঙ্গাবাসীর জন্য 'জরুরি চিকিৎসা সেবা কেন্দ্রে' রূপান্তিত করি যা এখনো চলমান। এখানে ফ্রিতে ডাক্তার দেখানো, ওষুধ বিতরণ, ও অক্সিজেন সেবা প্রদান করা হয়ে থাকে।
আমি সকলের দোয়া ও ভালোবাসা নিয়ে মানব সেবায় আমৃত্যু নিজেকে নিয়োজিত রাখতে চাই। সকলকে সাথে নিয়ে গড়তে চাই একটি 'আধুনিক সমৃদ্ধ চুয়াডাঙ্গা ও আলমডাঙ্গা' যা হবে বাংলাদেশের রোল মডেল।

## যশোরের মনিরামপুরে সড়ক

মনিরামপুর ফায়ার সার্ভিসের কর্মীরা ট্রাক কেটে চালকের লাশ উদ্ধার করে পুলিশের কাছে হসআন্তরর করেছেন। নিহত বিজয় মেহেরপুর সদরের রাজাপুর গ্রামের জাহাঙ্গীর হোসেনের ছেলে।
মনিরামপুর ফায়ার সার্ভিসের স্টেশন কর্মকর্তা আমজাদ হোসেন বলেন, ট্রাকের চালক ভেতরে ঘুমিয়ে ছিলেন। হেলপার ট্রাক চালাচ্ছিলেন। ফাঁকা সড়কে ঘুমের ঘোরে ট্রাক চালাতে গিয়ে হেলপার নিয়ন্ত্রণ হারিয়েছে। চাতালের গেটে ধাক্কা দেওয়ায় ট্রাকের সামনের অংশ দুমড়েমুচড়ে গেছে। এতে চাপা পড়ে চালকের আসনে থাকা হেলপার মারা গেছেন। পরে ট্রাক কেটে হেলপারের লাশ উদ্ধার করেছি। আমরা পৌঁছানোর আগে দুজনকে উদ্ধার করে স্থানীয়রা হাসপাতালে পাঠিয়েছেন। তাঁদের মধ্যে মূল চালককে যশোর সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।'
এ ব্যাপারে জানতে চাইলে,মনিরামপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুজ্জামান বিষয়টি নিশ্চিত করেন।

## শ্যামনগরে আমন মৌসুমে ধানবীজ

এসময় বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার জনাব মো: নাজমুল হুদা ও শ্যামনগর উপজেলা অনলাইন নিউজ ক্লাবের সভাপতি মারুফ হোসেন মিলন। এছাড়া আরও উপস্থিত ছিলেন সাংবাদিক মোহাম্মদ আলী, লিডার্স এর কর্মকর্তাগন, উপকূলীয় এলাকা মুন্সিগঞ্জ ও ঈশ্বরীপুর ইউনিয়নের কৃষকগন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন লিডার্স এর প্রকল্প কর্মকর্তা তাহসিনা সিরাজ।
উল্লেখ্য জলবায়ু পরিবর্তনের কারনে দুর্যোগ আগের চেয়ে অনেক বেড়েছে। দুর্যোগের ক্ষয়-ক্ষতি কাটিয়ে উঠতে এবং দুর্যোগ সহনশীল কৃষি উৎপাদন বৃদ্ধিতে এবং কৃষকদের আমন মৌসুমে লবণ ও খরা সহনশীল ধান চাষে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে শ্যামনগর ও কয়রার ৫টি ইউনিয়নে ১১৪৮ উপকারভোগী প্রত্যেক কৃষকের মাঝে ১০ কেজি লবণ সহনশীল ধান বীজ (ব্রি-৫২, ব্রি-৭৮, ব্রি-৬৭, ব্রি-৮৭, বিনা-১০, বি-আর ২৩) ও ৮ কেজি ইউরিয়া সার বিতরণ করা হয়েছে।

## দামুড়হুদায় বিষপানে মোটরসাইকেল

পরলে তার পরিবার সহ এলাকায় শোকের ছায়া নেমে আসে, স্বজনদের আহাজারিতে আকাশ ভারি হয়ে উঠে।
গতকাল বাদ আছর রুবেলের নানা বাড়ি চুয়াডাঙ্গা শহরের বুজরুক গড়গড়ি পাড়ায় নামাজের জানাজা শেষে স্থানীয় কবরস্থানে দাফন করা হয়।
এদিকে রুবেলের বিষপানের ঘটনায় গতকাল স্থানীয় সহ বেশ কিছু পত্রিকায় পুলিশের এক এএসআই এর পাওনা টাকা পরিশোধ করতে না পেরে বিষপানে আত্নহত্যার চেষ্টা শিরোনামে সংবাদ প্রকাশিত হলে এলাকায় বিভ্রান্তির সৃষ্টি হয়।
সরেজমিনে ঘুরে নিহত রুবেলের প্রতিবেশী ও এলাকাবাসী সূত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার সদর ইউনিয়নের দশমী স্থানীয় পাড়ার ইলা বক্স'র ছেলে রুবেল হোসেন দামুড়হুদা উপজেলা বাসস্ট্যান্ড বাজারে দীর্ঘদিন ধরে নিজের রুবেল মোটরসাইকেল সার্ভিসিং নামের মোটরসাইকেলের গ্যারেজ দিয়ে মেকানিকের কাজ করতো, সামান্য আয় রোজকার দিয়ে কোন রকম সংসার চালাতে হিমসিম খেত, সংসারের সচ্ছলতা ফেরাতে বিভিন্ন এনজিও থেকে ঋণ নিয়ে কিস্তির টাকা পরিশোধ করতে গিয়ে বিভিন্ন সময় টান পোরেনে পরতে হতো। অভাবের কারনে গ্যারেজে মোটরসাইকেল মেরামত করতে আসা পরিচিতি অনেকের কাছে থেকে টাকা ধার কর্য নিয়ে আরো বেশী দিশেহারা হয়ে পরে। বিভিন্ন সময় বিভিন্ন ব্যক্তি পাওনা টাকা চাইতে আসলে, সকলকেই আজ না কাল দেব বলে ঘুরাতে থাকে। ঠিক এমনই একজন পাওনাদার দামুড়হুদা মডেল থানায় কর্মরত পুলিশের এএসআই মঞ্জুর রহমানের কাছ থেকে প্রায় এক বছর আগে ১ লাখ টাকা ধার নিয়ে অল্প দিনেই পরিশোধের কথা বললেও, তাকে আজ না কাল এই ভাবে প্রায় বছর খানেক ঘুরাতে থাকে। এরই ধারাবাহিকতায় সঠিক সময়ে টাকা পরিশোধ করতে না পারায় মঞ্জুর রহমান তার দোকান বন্ধ করে দেয়ার কথা বলেন এবং প্রয়োজনে পুলিশের উর্ধতন কর্মকর্তাদের কাছে বিষয়টি জানাবেন বলে হুমকি দেন উক্ত পুলিশের এএসআই মঞ্জুর রহমান। এই ঘটনা শুনার পর রুবেল হোসেন তার পরিবারের লোকজনের কাছে বিষয়টি বললে, পারিবারে সকলের সাথে রুবেলের মনকষাকষি ও কলহের সৃষ্টি হলে ঐ দিন বিকাল ৩টার দিকে রুবেল বিষপান করে আত্নহত্যার চেষ্টা করেন। আহত রুবেল হোসেনকে প্রথমে দামুড়হুদা এবং পরে আশঙ্কাজনক অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হলে গতকাল সকাল ৬ টার দিকে রুবেল চিকিৎসাধীন অবস্থায় মারা যায়।
এ বিষয়ে জানতে চাইলে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, চুয়াডাঙ্গা সদর হাসপাতাল থেকে আমরা রুবেলের মৃতের সত্যতা নিশ্চিত করেছি, এ ব্যাপারে দামুড়হুদা মডেল থানায় একটি অপমৃত্যু মামলা রেকর্ড করা হয়েছে।

## সাতক্ষীরার ছয়ঘরিয়া শিব মন্দিরের

বৃহস্পতিবার ছয়ঘরিয়া জোড়া শিব মন্দিরের সামনে এলাকাবাসী এই মানববন্ধন করে। মানববন্ধনে কালীপদ মাস্টারের সভাপতিত্বে বক্তব্য রাখেন, বীর মুক্তিযোদ্ধা মির্জা আব্দুর রহিম, জগদীশ চন্দ্র দাশ, নেপাল কুমার দাশ, সাধু দাশ, দেবেদ্র নার্থ দাশ অভিজিৎ কুমার দাশ, বরুন কুমার দাশ, বিশ্ব নার্থ দাশ, মাস্টার মোহন রায়, মো. আকরাম আলী প্রমুখ।
বক্তারা বলেন, দীর্ঘ ৫ বছরেরও বেশি সময় ধরে কোনো কমিটি ছাড়াই মনোরঞ্জন, চিরন্তন দাস ও বাদল চন্দ্র দাস মন্দিরের সম্পত্তি নিজেদের বাপ-দাদার সম্পত্তির মতো ব্যবহার করে আসছে। মন্দিরের ৫ বিঘা (দীঘি) পুকুরে মাছ চাষ করে নিজেদের পুকুর ও ঘেরে নিয়ে ছাড়ছে। মন্দির সংস্কারের নামে জেলা পরিষদ থেকে নেওয়া টাকা আত্মসাৎ করেছে। বিভিন্ন সময়ে মন্দিরের টাকা পয়সার হিসেব না দিয়ে তারা নিজেদের মতো করে অপব্যবহার করে আসছে। এক কথায় তারা গায়ের জোরে মন্দির দখল করে রেখেছে। কেউ তাদের বিরুদ্ধে কথা বলতে গেলে তাদের নামে মিথ্যা মামলা দিয়ে হয়রানি করা হচ্ছে।
মানববন্ধনে মনোরঞ্জন, চিরন্তন দাস ও বাদল চন্দ্র দাসের শাস্তির দাবিতে পুলিশ প্রসাসনের হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী।

## আলমডাঙ্গায় স্মার্ট বাংলাদেশ

ইসলাম। বক্তরা বলেন, প্রধান মন্ত্রী শেখ হাসিনা দেশকে স্মার্ট বাংলাদেশ করতে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। স্মার্ট বাংলাদেশ গড়ার কারিগর হচ্ছ তোমরা,যে ট্যাব তোমরা পাবে সেটা ভাল কাজে ব্যবহার করবে। তাই এই ট্যাব যেমন ভাল কাজ করা যায় তরমন যদি মনে কর শুধু গেম খেলবে,বা অন্য কোন কাজ করবে সেটা তোমাদের উপর নির্ভর করছে। সঠিক ভাবে লেখাপড়া শিখে মানুষের মত মানুষ হও। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে স্বপ্ন দেখেছিলেন সোনার বাংলা গড়ার সেই সোনার বাংলাদেশ গড়তে হলে সকলকে স্মার্ট হতে হবে,তাই তোমরা সত্যিকারের সৌভাগ্যবান কারন স্মার্ট বাংলাদেশ গড়ার তোমরাই প্রথম কারিগর। পরে ৫৬ টি স্কুলের ১১১ জন শিক্ষার্থীর মাঝে ট্যাব বিতরন করা হয় ।এর আগে ৫০১ জনকে ট্যাব প্র দান করা হয়েছে। যারা মেধাবী শিক্ষার্থী তাদের বাছাই করে মোট ৬১২ জন শিক্ষার্থীকে ট্যাব প্রদান করা হয়েছে।

## আলমডাঙ্গা কলেজপাড়ায় ৫ বছরের

ছুটে আসে। তার মৃত্যুতে পরিবারে শোকের ছায়া নেমে আসে।
এসময় মৃতকে দেখতে আসা অনেকেই পৌর কতৃপক্ষের বিরুদ্ধে অবহেলার অভিযোগ করে বলেন মাসের পর মাস নির্মান কাজ বন্ধ রেখে কাজ না করার কারনে ঝরে গেল একটি শিশু কন্যার প্রান। তবে থানা কোন অভিযোগ না থাকায় লাশ পরিবারের লোকের কাছে হস্তান্তর করে পুলিশ।

## কালীগঞ্জ উপজেলা আ'লীগের

সম্পাদক জাহাঙ্গীর হোসেন, জেলা আওয়াওয়ীলীগের শ্রম বিষয়ক সম্পাদক মোস্তাফিজুর রহমান বিজু, মালিয়াট ইউনিয়নের চেয়ারম্যান আজিজুল হক খান ও বঙ্গবন্ধু পরিষদের উপজেলা শাখার সভাপতি আব্দুর রশিদ খোকনসহ শতাধিক নেতা-কর্মী।
সাধারন সম্পাদক মোঃ আয়ুব হোসেন জানান, সর্বশেষ ২০০৪ সালের ২২ এপ্রিল এক কাউন্সিলের মাধ্যমে কালীগঞ্জ উপজেলা কমিটি গঠন করা হয়েছিল। দীর্ঘ দুই দশক পর হলেও নবগঠিত আংশিক কমিটির অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ স্থানীয় এমপি ও নেতাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি। এসময় তিনি গত ২৩ মে আওয়ীমীগের এক সভায় নতুন কমিটি সম্পর্কে ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনারের দেওয়া বক্তব্যের তীব্র নিন্দা জানান। একই সময় কুরুচিপূর্ণ বক্তব্য প্রদান ও জেলা সভাপতির স্বাক্ষর জ্বাল করে কমিটির করার অভিযোগেরও প্রতিবাদ জানান। এছাড়া দল যাকে মনোনয়ন দেবে তার সাথে নিয়ে নৌকার বিজয় ছিনিয়ে আনতে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

## আলমডাঙ্গায় মাদক বিরোধী অভিযানে

এর চায়য়ের দোকানের সামনে পাকা রাস্তার উপর হতে ৪০ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ হাতে নাতে আটক করেন।
আলমডাঙ্গা থানা সূত্রে জানা যায় যে, আলমডাঙ্গা থানার এসআই (নিঃ) মোঃ আশিকুল হক, মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা পৌর এলাকার স্টেশন পাড়ার রেজাউল ইসলামের ছেলে সোহেল (২২) কে চল্লিশ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার করা হয়।
আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার নাথ জানান, গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে।

## আলমডাঙ্গায় বঙ্গবন্ধু বঙ্গমাতা অনূর্ধ্ব

কমিশনার ভুমি রেজওয়ানা নাহিদ, মেডিকেল অফিসার ডাঃ নাজনীন সুলতানা, উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার ও এসআই আমিনুর রহমান সজিব। স্বাগত বক্তব্য দেন উপজেলা ক্রীড়া সংস্থার সাধারন সম্পাদক খন্দকার জিহাদি জুলফিকার টুটুল। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ইউপি চেয়ারম্যান আশিকুর রহমান ওল্টু, এজাজ ইমতিয়াজ বিপুল,নজরুল ইসলাম, সোহানুর রহমান সোহান, মিনহাজ বিশ্বাস, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম, সাবেক ফুটবলার শরিফুল ইসলাম, সরকারি স্কুলের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, ক্রীড়া শিক্ষক কামাল হোসেন, সাবেক ফুটবলার মিজানুর রহমান ।এছাড়াও উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান মাহমুদুল হাসান চঞ্চল,ইমদাদুল হক,আসাবুল হক মিকা, মন্ডল স্পর্টসের মামুন, সাংবাদিক নাহিদ হাসান,ও শাওন প্রমুখ। সভায় ফুটবল টুর্নামেন্ট সফল করার লক্ষে মুল কমিটি সহ কয়েকটি সাব কমিটি গঠন করা হয়।

## পুত্রবধূর নির্যাতনে শ্বাশুড়ির আত্মহত্যা

করে খাওয়ার জন্য। কিন্তু পুত্রবধূ চাল-ডাল দিতে রাজি না হওয়ায় এ নিয়ে দুইজনের মধ্যে ঝগড়া চলাকালে ছেলে মাধব সাজ্জাল এসে মায়ের সাথে ঝগড়ায় লিপ্ত হন। একপর্যায়ে ছেলে ও পুত্রবধূ মিলে চুরা রানীকে মারধর করে। তিনি ওই সময় ঝগড়া থামানোর চেষ্টা করে ব্যর্থ হন এবং তাকেও মারধর করা হয়। রাত ১০টা-সাড়ে ১০ টা পর্যন্ত এ ঝগড়া চলে। এরপর মাখম সাজ্জাল তার স্ত্রী চুরা রানীকে নিয়ে ঘরে চলে যান। রাত ১টার দিকে ক্ষোভে দুঃখে চুনা রানী বিষপান করেন। রাত ৩টার দিকে তাকে বাউফল স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে জরুরি বিভাগের চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। বাউফল স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরি বিভাগের চিকিৎসক ডা. সোয়েব বলেন, 'চুরা রানীকে হাসপাতালে নিয়ে আসার পর ইসিসি করে দেখি তিনি মৃত। এ সময় তার মুখ থেকে গন্ধ আসছিল। ধারণা করা হচ্ছে তিনি বিষপান করতে পারেন।' এ ব্যাপারে বগা তদন্ত কেন্দ্রের ইনচার্জকে ফোন দেয়া হলে এসআই বাদল কৃষ্ণ বলেন, আমি এখন মাধবপুরে ঘটনাস্থলে আছি। বিষয়টি তদন্ত করে দেখছি।

## পিরোজপুর ইউনিয়ন কৃষকলীগের

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুস সামাদ বিশ্বাস। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কৃষকলীগের যুগ্ম সম্পাদক আনারুল মিয়া, মশিউর রহমান পলাশ, যুগ্ন সম্পাদক জেলা কৃষকলীগ, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক মীর শফিকুল ইসলাম। উপস্থিত নেতাকর্মীদের সমর্থনে মনসুর আলীকে সভাপতি ও সিরাজুল ইসলামকে সাধারণ সম্পাদক নির্বাচিত হন। পরবর্তী একমাসের মধ্যে পুর্নাঙ্গ কমিটি গঠন করা হবে বলে জানা যায়।

## শৈলকুপায় পানিতে ডুবে কলেজ

জানান, বৃহস্পতিবার সোহাগ বসন্তপুর ব্রিজের উপর থেকে পড়ে যায় সাথে সাথে ফায়ার সার্ভিসে খবর দিলে তারা এসে সোহাগকে নদীর উদ্ধার করে কুষ্টিয়া হাসপাতালে ভর্তি করে। চিকিৎসাধীন অবস্থায় সোহাগ মারা যায়। এই এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

## কলারোয়ার মহিলা বিষয়ক

বয়স্ক মেয়ে প্রিয়া মন্ডল (১৫)কে হিন্দু রীতিনীতি মেনে বিয়ের আয়োজন করেন। গোপন সংবাদের ভিত্তিতে বিষয়টি জানতে পেরে তাৎক্ষনিকভাবে উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা নূরুন নাহার আক্তারের নির্দেশে একই অধিদপ্তরের কিশোর-কিশোরী ক্লাবের মোখলেছুর রহমান ও আক্তারুলের নেতৃত্বে একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেন। ঘটনাস্থল থেকে বিষয়টির সত্যতা পেয়ে অপ্রাপ্ত বয়স্ক মেয়ের মাতা এই মর্মে মুচলেকা প্রদান করেন যে, ১৮ বছর পূর্ণ না হলে মেয়েকে বিয়ে দেব না।
এছাড়া মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধিরা মেয়ের অভিভাবককে অবহিত করেন উপরোক্ত শর্ত ভঙ্গ করলে আগামীতে বাল্যবিবাহ নিরোধ আইনে নিয়মিত মামলা দায়ের করে ব্যবস্থা গ্রহন করা হবে। এ সময় উপস্থিত ছিলেন স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

## ইসরাইলের নাগরিক মেন্দির সঙ্গে

করেন। বৈঠকের কথা স্বীকার করলেও এ বৈঠকের আলোচ্য সূচি কী ছিল, তা তিনি কেন্দ্রীয় কমিটির সদস্যদের অবগত করতে অস্বীকৃতি জানান।
এ সময় দলের বিভিন্ন পর্যায়ের নেতারা বলেন, নূরের আর্থিক অনিয়ম ও মোসাদের সঙ্গে বৈঠকের বিষয়ে তদন্ত চলছে। একই সঙ্গে সরকারকেও তদন্ত করার আহবান জানান তারা। নূর সাংগঠনিক নিয়ম না মেনে দলের আহবায়ক রেজা কিবরিয়াকে বহিষ্কার করেছেন বলেও দাবি করেন তারা।

## রিয়াদে দূতাবাসের সেইফহোমে

সময় সেখানে আশ্রিত গৃহকর্মীদের যৌন নির্যাতন ও ধর্ষণ করেন বলে প্রশাসনিক তদন্তে প্রমাণিত হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, রিয়াদ দূতাবাসের সেইফহোমে আশ্রিত কতিপয় গৃহকর্মীকে যৌন নির্যাতনের অভিযোগ সংশ্লিষ্ট দূতাবাসের তদন্তে প্রমাণিত হওয়ায় মেহেদী হাসানকে ওই পদ থেকে ২০২১ সালের ২৪ জানুয়ারি অবমুক্ত করা হয়। এরপর এই কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নিতে ২০২১ সালের ৮ ফেব্রুয়ারি তাকে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়। পরে অসদারচণের অভিযোগে বিভাগীয় মামলা দিয়ে ওই বছরের ১০ মার্চ তাকে কারণ দর্শানোর নোটিস দেওয়া হয়।

## নোয়াখালীতে র‌্যাবের অভিযান

কোম্পানি কমান্ডার লে. কমান্ডার মাহমুদুল হাসান ও ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট দেবব্রত দাশ। অভিযানে সহযোগিতা করেন, সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার ডাঃ মোঃ সোহরাব হোসেন।
অভিযানে নোয়াখালী ইউনাইটেড হাসপাতালের চেয়ারম্যান নূর নবী ও ব্যবস্থাপনা পরিচালক আমজাদ হোসেনকে ২ লাখ টাকা, মুন হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক মোঃ শহিদুল ইসলামকে ১ লাখ টাকা ও আদর হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালককে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সময় মুন হাসপাতালে উন্নত চিকিৎসার প্রলোভন দেখিয়ে রোগী ভর্তি করাতে আসা দুই দালালকে আটক করা হয়।

## ভারতের পররাষ্ট্র-সচিবের সঙ্গে

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (পূর্ব) সৌরভ কুমারের সফরের সঙ্গে মার্কিন প্রতিনিধিদলের সফরের কোনো সম্পর্ক নেই বলে জানিয়েছেন পররাষ্ট্র-সচিব মাসুদ বিন মোমেন। একই সঙ্গে ভারতের পররাষ্ট্র-সচিবের সফরে নির্বাচন নিয়ে আলাপের বিষয়টি অমূলক বলেও মন্তব্য করেন তিনি।
বলা হচ্ছে, বিমসটেক ইস্যুতে আলোচনা করতেই ভারতের পররাষ্ট্র-সচিব পূর্ব ঢাকায় এসেছেন। কিন্তু তার সফরের সময়ে ঢাকায় নেই বিমসটেকের সেক্রেটারি জেনারেল। তাহলে বাংলাদেশর জাতীয় নির্বাচন নিয়ে নয়া দিল্লির প্রতিনিধির সঙ্গে কোনো আলোচনা হয়েছে কিনা, এ বিষয়ে জানতে চাওয়া হয় পররাষ্ট্র সচিবের কাছে। জবাবে মাসুদ বিন মোমেন বলেন, এগুলো একেবারে অমূলক। বিভিন্ন ধরনের স্পেকুলেশান আমরা দেখেছি। এটা ঠিক নয়। কারণ বিমসটেকের সেক্রেটারি জেনারেলের মা মারা গেছেন। তিনি সে কারণে এখানে নেই। এখানে অন্য কিছু নেই।

## মার্কিন প্রতিনিধি দলের সফর

করবেন। তার সফরসঙ্গী হিসেবে সঙ্গে থাকছেন যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু এবং ইউএসএইডের এশিয়া ব্যুরোর ডেপুটি অ্যাসিটেন্ট অ্যাডমিনিস্ট্রের অঞ্জলী কৌর।
মাসুদ বিন মোমেন বলেন, আমেরিকার সঙ্গে আমাদের অনেকগুলো মেকানিজম কাজ করছে। লেবার ইস্যু আছে, ট্রেড ইস্যু আছে। তারা রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনেও যাবেন।

## দেশে বড় হচ্ছে সিনথেটিক ড্রাগের

মাদক তালিকাভুক্ত না হওয়ায় প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়া যাচ্ছে না। মাদকের হাজার হাজার মামলা হলেও সাজার নজির খুব কম। ছিনতাই, চুরি, খুন, ইভ টিজিংয়ের মতো অপরাধের মূল কারণ ওই মাদক। সূত্র জানায়, জাতিসংঘের মাদক নিয়ন্ত্রণ সংস্থার (ইউএনওডিসি) তথ্যানুযায়ী বাংলাদেশে যত মাদক ঢুকছে তার মাত্র ১০ শতাংশ ধরা পড়ে। ২০১৮ সালের ৪ মে থেকে দেশজুড়ে মাদকবিরোধী বিশেষ অভিযান শুরু করেছিল র‌্যাব। এরপর আলাদাভাবে মাদক নিয়ন্ত্রণে অভিযান চালায় পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি)। কিন্তু স্কোপোলামিন নামে নতুন এক ধরনের মাদক এখন প্রায়ই ধরা পড়ছে। এটি 'শয়তানের নিঃশ্বাস' বা ডেভিলস ব্রেথ নামে পরিচিত। এটি ভয়ংকর হেলুসিনেটিক ড্রাগ। যা মস্তিস্কের স্বাভাবিক কার্যক্ষমতা নষ্ট করে দেয়। মানুষের চেতনা কেড়ে সর্বস্ব লুট করতে এটি ব্যবহার করে দুর্বৃত্তরা। একসময় এটি চিকিৎসাশাস্ত্রে রোগীকে অচেতন করার কাজে ব্যবহার করা হতো। এর ক্ষতির মাত্রা কোকেন থেকে বহু গুণ। তাছাড়া এর প্রভাব এতটাই ভয়ংকর যে নিঃশ্বাস, হ্যান্ডশেক, ঘ্রাণ, খাবার, চিরকুট, কোমল পানীয়, বাতাসে ফুঁর মাধ্যমে এই মাদক কারও শরীরে ঢুকতে পারে। এরপর মনের অজান্তে মানিব্যাগ, ঘড়ি, মোবাইল ফোন, মূল্যবান জিনিসপত্র এমনকি এটিএম কার্ডের পিন নম্বরও অন্যকে জানিয়ে দিতে পারেন ঘটনার শিকার ব্যক্তি।

## ডুমুরিয়ায় বিদ্যুতায়িত হয়ে দশম

বাড়ী একই উপজেলার খলশী গ্রামে বেড়াতে যায়। সেখানে বৃহস্পতিবার সকাল ৮ টার দিকে সে ছাগলের জন্য মেহগনি গাছের পাতা ছিড়তে যায়। কিন্তু গাছটির উপর দিয়ে বিদ্যুতের তার নিয়ে যাওয়ায় শর্টসার্কিট থেকে গাছটিতে সংযোগ হয়ে যায়। রাকিবুল গাছে হাত দেওয়া মাত্রই শর্ট খেয়ে ছিটকে পড়ে আহত হয়। খবর পেয়ে মামা বাড়ীর লোকজন দ্রুত ডুমুরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে সেখানকার কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এব্যপারে ডুমুরিয়া থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

## প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষিকা

দিকে বেগুন জোয়ার উচ্চ বিদ্যালয়ে গিয়েছিলাম। যেহেতু ভিডিওটি বিভিন্ন মাধ্যমে ছড়িয়ে পড়েছে এবং দেখেছি। স্কুল কমিটির সঙ্গে আলোচনা সাপেক্ষে প্রধান শিক্ষক এবং সহকারি শিক্ষিকাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।
বদলগাছী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ওয়াশিউর রহমান বলেন, 'বেগুন জোয়ার উচ্চ বিদ্যালয়ের' প্রধান শিক্ষক আবু সাদাত শামীম আহমেদ ও একই স্কুলের সহকারি শিক্ষিকার বিরুদ্ধে অফিস কক্ষে অসামাজিক কর্মকান্ডের কিছু ভিডিও ফেসবুক সহ সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। বিষয়টি নিয়ে স্কুল কমিটির সঙ্গে আলোচনা করা হয়। এ নিয়ে বুধবার বিকেলে উপজেলা মাধ্যমিক সহকারি শিক্ষা অফিসারকে প্রধান করে তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি এবং স্কুলের কমিটির সিদ্ধান্ত মোতাবেক বৃহস্পতিবার থেকে প্রধান শিক্ষক আবু সাদাত শামীম আহমেদ ও সহকারি শিক্ষিকা কে সাময়িক বরখাস্ত করা হয়েছে।
উপজেলার 'বেগুন জোয়ার উচ্চ বিদ্যালয়ের' প্রধান শিক্ষক আবু সাদাত শামীম আহমেদ ও একই স্কুলের সহকারি শিক্ষিকার বিরুদ্ধে অফিস কক্ষে অসামাজিক কর্মকান্ডের অভিযোগ উঠে। এমন কিছু ভিডিও মঙ্গলবার (৪ জুলাই) বিকেল থেকে ফেসবুক সহ সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। এতে স্কুলের ভাবমুর্তি ক্ষুন্ন হচ্ছে। প্রধান শিক্ষক আবু সাদাত শামীম আহমেদ এর একের পর এক এমন নারী কেলেঙ্কারির ঘটনায় ফুঁসে উঠে এলাকাবাসী। শিক্ষকদের অনৈতিক কর্মকান্ডের বিষয়ে জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সহ বিভিন্ন দপ্তরে অভিযোগ করা হয়। ঘটনার পর বুধবার বিকেলে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির প্রধান উপজেলা মাধ্যমিক সহকারি শিক্ষা অফিসার আব্দুল্লাহ আল মামুন। অন্য দুই সদস্য হলেন, উপজেলা একাডেমিক সুপারভাইজার অঞ্জন কুমার কুন্ড ও বেগুন জোয়ার উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক রেজা।

## কান্নাভেজা চোখে আন্তর্জাতিক

ওয়ানডে সিরিজ শুরুর আগের দিনও তিনি জানান যে, শতভাগ ফিট নন। প্রথম ম্যাচ খেলার পর অবস্থা বুঝে সিদ্ধান্ত নেবেন। শেষ পর্যন্ত তার সেই সিদ্ধান্ত চোট-টোটের সীমানা ছাড়িয়ে পৌঁছে গেল ক্যারিয়ারের শেষ বিন্দুতে। আন্তর্জাতিক ক্রিকেটে তার বিচরণ শুরু সেই ২০০৭ সালের ফেব্রুয়ারিতে। চাচা আকরাম খান ও বড় ভাই নাফিস ইকবালকে অনুসরণ করেই তিনি পা রাখেন ক্রিকেটের পথে। বয়সভিত্তিক ক্রিকেট ও ঘরোয়া ক্রিকেটে আগ্রাসী ব্যাটিংয়ের ঝড় তুলে ১৮ ছুঁইছুঁই বয়সেই আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয়ে যায় ২০০৭ সালের ফেব্রুয়ারিতে। স্রেফ চার ওয়ানডের অভিজ্ঞতায় বিশ্বকাপে খেলতে নেমে প্রথম ম্যাচেই ভারতের বিপক্ষে স্মরণীয় এক জয়ে দাপুটে ফিফটি করে নজর কাড়েন ক্রিকেট বিশ্বের। এরপর নানা চড়াই-উৎরাই পেরিয়ে ক্রমে নিজেকে প্রতিষ্ঠিত করেন দেশের সফলতম ব্যাটসম্যান হিসেবে। বাংলাদেশের ব্যাটিং রেকর্ডের অনেকগুলোই নিজের করে নেন তিনি। বাংলাদেশের ক্রিকেটে অনেক 'প্রথম' কিছুর জন্ম হয় তার হাত ধরে।

## ফেসবুক-ইনস্টাগ্রামে আর বিজ্ঞাপন

একটা অংশ সংশ্লিষ্ট সংবাদমাধ্যমকে দিতে হবে। মেটার মালিকানাধীন ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং অ্যালফাবেটের মালিকানাধীন গুগল শুরু থেকেই এ আইনের বিষয়ে আপত্তি জানিয়ে আসছে। এরই মধ্যে মেটা বলেছে, আইনটি কার্যকর হলে কানাডায় তাদের প্ল্যাটফর্মগুলোতে সংবাদ প্রকাশ করতে দেওয়া হবে না। আর অ্যালফাবেট বলেছে, দেশটিতে গুগল সার্চ ফলাফলে সংবাদের কোনো তথ্য বা লিংক তারা দেখাবে না।
আইনটি কার্যকরের জন্য এরই মধ্যে বিধিমালা চূড়ান্ত করছে কানাডার সরকার। এ অবস্থায় ফেসবুক ও ইনস্টাগ্রামে বিজ্ঞাপন বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হলো।

## গোপালগঞ্জে ট্রাক-অ্যাম্বুলেন্স

আরও বলেন, খবর পেয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে গিয়ে হতাহতদের উদ্ধার করে গোপালগঞ্জ ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়ার পথে একজন ও হাসপাতালে নেওয়ার পর আরও তিনজনের মৃত্যু হয়। বাকি আহতদের হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। তবে তাৎক্ষণিক হতাহতদের পরিচয় জানা যায়নি।

## পাকিস্তানের প্রেসিডেন্টের সঙ্গে

প্রতিপালনকালে সেখানে বাংলাদেশের প্রেসিডেন্ট'র সঙ্গে পাকিস্তানের প্রেসিডেন্ট'র অনির্ধারিত সাক্ষাৎ হয়। এ সময় উভয় রাষ্ট্রপতি কুশল বিনিময় এবং সৌজন্যমূলক আলাপচারিতা করেন। সউদি বাদশার আমন্ত্রণে এবার সপরিবারে হজ পালনে গিয়েছিলেন প্রেসিডেন্ট সাহাবুদ্দিন। পাকিস্তানের প্রেসিডেন্ট আরিফ আলভিও গিয়েছিলেন হজ পালনে। সেখানে
পাকিস্তানের প্রেসিডেন্ট বাংলাদেশের প্রেসিডেন্ট'র সঙ্গে সাক্ষাতের কথা এক টুইট বার্তায় জানান। দুই প্রেসিডেন্ট'র সাক্ষাৎ পর্বের দুটি ছবি দিয়ে পাকিস্তানি প্রেসিডেন্ট লিখেছিলেন, 'বাংলাদেশেরপ্রেসিডেন্ট সাহাবুদ্দিনের সঙ্গে মক্কা, মিনা ও মদিনায় ভালো আলোচনা হয়েছে'।

## বিএনপি নির্বাচন নিয়ে অপপ্রচার চালাচ্ছে

করে না এবং বিএনপির কোনো চক্রান্তই সফল হবে না। আগামী জাতীয় সংসদ নির্বাচন ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্য দিয়ে শান্তিপূর্ণ ও সুষ্ঠু পরিবেশেই অনুষ্ঠিত হবে। জনগণের রায়েই সরকার পরিবর্তন হবে।
গতকাল বৃহস্পতিবার বিকেলে আওয়ামী লীগের দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত এক বিবৃতিতে তিনি এসব কথা বলেন। বিবৃতিতে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের মিথ্যা, ভিত্তিহীন ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানান ওবায়দুল কাদের। তিনি বলেন, সম্প্রতি অনুষ্ঠিত সিটি কর্পোরেশন নির্বাচনসহ অন্যান্য নির্বাচনে জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণই প্রমাণ করে নির্বাচন নিয়ে জনগণের মধ্যে ব্যাপক আগ্রহ রয়েছে। বিএনপি ও তাদের জোটে থাকা রাজনৈতিক দলসমূহ নির্বাচনে অংশগ্রহণ না করলেও এ সব নির্বাচনে ৫০ শতাংশের উপর ভোটাররা ভোট প্রদান করেছেন। জনগণ বিএনপি থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। বিএনপি আজ জনসমর্থন শূন্য হয়ে পড়েছে। জনবিচ্ছিন্ন বিএনপি জনগণের মুখোমুখি হতে ভয় পায়। তাই তারা নির্বাচনবিরোধী অবস্থান থেকে নির্বাচনকে ভোটারশূন্য করার নানামুখী ষড়যন্ত্র ও অপতৎপরতায় লিপ্ত রয়েছে।

## ইইউ রাষ্ট্রদূতের পরামর্শ বিএনপির

ওপর চপেটাঘাত।' গতকাল বৃহস্পতিবার দুপুরে সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।
সম্প্রতি বিএনপির সাথে বৈঠকে ইইউ রাষ্ট্রদূতের মন্তব্য নিয়ে প্রশ্নে মন্ত্রী বলেন, 'বিএনপি যাদের কাছে গিয়ে বারবার ধর্ণা দেয় তাদের মধ্যে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত বলেছেন- হরতাল, অবরোধ, জ্বালাও-পোড়াও এগুলো করা যাবে না। এগুলো গণতন্ত্রকে বাধাগ্রস্ত করে। তারা যে ক্রমাগতভাবে গণতন্ত্রকে বাধাগ্রস্ত করেছে সেই কথাটিই ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূতের মুখ থেকে বেরিয়ে এসেছে। এটি বিএনপির অপরাজনীতির ওপর বিরাট চপেটাঘাত।'

## শেখ হাসিনা ও কুয়েতের

জুলাইয়ে ব্যাংককে অনুষ্ঠেয় অলিম্পিক কাউন্সিল অব এশিয়ার (ওসিএ) সাধারণ পরিষদের বৈঠকে একসঙ্গে কাজ করতে সম্মত হন তারা। প্রধানমন্ত্রীর প্রেস সচিব জানান, ফোন করার জন্য কুয়েতের প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে দেশটির ভ্রাতৃপ্রতিম জনগণকে ঈদের শুভেচ্ছা জানান শেখ হাসিনা। এ সময় কুয়েতে কর্মরত প্রবাসী এবং দেশটির সেনাবাহিনীতে 'বাংলাদেশ কন্টিনজেন্ট' দীর্ঘস্থায়ী অংশীদারত্ব বহন করছে বলে উল্লেখ করেন তিনি।
শেখ আহমদ নওয়াফও আনন্দের সঙ্গে তার দেশের প্রতিরক্ষা বাহিনী পুনর্গঠনে বাংলাদেশ সেনাবাহিনীর নিবেদিত ও পরিশ্রমী ভূমিকার প্রশংসা করেন। পরে তারা একে অপরকে নিজ নিজ দেশে সফরের আমন্ত্রণ জানান। একই সঙ্গে দ্বিপক্ষীয় সহযোগিতা বাড়ানোর জন্য নিয়মিত পরামর্শসহ উচ্চপর্যায়ের সফর বিনিময়ের প্রয়োজনীয়তার ওপর জোর দেন তারা।

## জাতীয় সংসদ কর্মকর্তাদের নতুন

প্রধানমন্ত্রীকে ফুলের তোড়া দিয়ে স্বাগত জানান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সংসদ উপনেতা মতিয়া চৌধুরী, মন্ত্রিসভার সদস্য, ডেপুটি স্পিকার, চিফ হুইপ, হুইপ, সংসদ সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## আসন্ন বিমসটেক সম্মেলনে যোগ

কুমারের সঙ্গে বৈঠক করেন। ডিসেম্বর থেকে বাংলাদেশ বিমসটেকের পরবর্তী চেয়ারম্যান এবং ভারত মহাসচিবের দায়িত্ব নেবে। এ ছাড়া ১৭ জুলাই বিমসটেকের পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক হবে। মাসুদ বিন মোমেন বলেন, 'ভারতের বিমসটেকের প্রতি গভীর আগ্রহ রয়েছে। তাই পরবর্তী শীর্ষ সম্মেলনের আলোচ্যসূচি নিয়ে আলোচনা করতে ভারতের সচিব ঢাকায় এসেছেন।'

## সরকারের পদত্যাগ ছাড়া সংলাপের

সরকারের অধীনে নির্বাচন দিতে হবে। তার আগে এ সরকারকে পদত্যাগ করতে হবে। এ ঘোষণা সরকারকে সবার আগে দিতে হবে। তাছাড়া সংলাপের কোনো প্রশ্নই উঠবে না।' গতকাল বৃহস্পতিবার বিকেলে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এক বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। এর আগে ১২ দলীয় জোটের সঙ্গে বৈঠকে বসে বিএনপির প্রতিনিধি দল। মির্জা ফখরুল বলেন, 'জনগণের অধিকার, কথা বলার অধিকার, বাকস্বাধীনতা- এগুলো পুনরুদ্ধার করার জন্য আমরা আন্দোলন করছি। বর্তমান অবৈধ সরকারের ক্ষমতায় আসার পর থেকেই অত্যন্ত সচেতনভাবে বাংলাদেশের সব অর্জনগুলো ধ্বংস করে দিয়েছে।' তিনি বলেন, 'এরই মধ্যে আমাদের আন্দোলন একটা চূড়ান্ত পর্যায়ে পৌঁছেছে। এ বছরটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এ আওয়ামী লীগ সরকার এ বছরেই একটি পাতানো নির্বাচন করার জন্য পাঁয়তারা করছে। পাতানো নির্বাচন এ দেশের মানুষ কখনো গ্রহণ করবে না। আমরা পরিষ্কারভাবে বলে দিতে চাই, এ অবৈধ আওয়ামী লীগ সরকারের অধীনে কোনো নির্বাচন সুষ্ঠু হবে না। এ দেশের মানুষ মেনে নেবে না। আমাদের পক্ষ থেকে দাবি উত্থাপন হয়েছে, পরিষ্কারভাবে বলেছি- এ সরকারকে পদত্যাগ করে নির্দলীয়-নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন দিতে হবে।' ১২ দলের সঙ্গে বৈঠক প্রসঙ্গে বিএনপি মহাসচিব বলেন, 'আমরা চূড়ান্ত আন্দোলনে যাওয়ার আগে সম্মিলিতভাবে যৌথ ঘোষণাপত্র ঘোষণা করবো। আর এ জন্যই আজকের বৈঠক।' বৈঠকে বিএনপির পক্ষ থেকে উপস্থিত ছিলেন দলটির স্থায়ী কমিটির সদস্য বেগম সেলিমা রহমান, ভাইস চেয়ারম্যান আব্দুল আউয়াল মিন্টু। ১২ দলের পক্ষ থেকে উপস্থিত ছিলেন জাতীয় পার্টির চেয়ারম্যান মোস্তফা জামাল হায়দার, সৈয়দ মুহাম্মদ ইবরাহিম বীর প্রতীক, জাতীয় দলের চেয়ারম্যান সৈয়দ এহসানুল হুদা, জমিয়তে ওলামায় ইসলাম মহাসচিব গোলাম মুহিউদ্দিন ইকরাম, ন্যাপ (ভাসানী) চেয়ারম্যান আজহারুল ইসলাম, জাগপার সিনিয়র ভাইস প্রেসিডেন্ট রাশেদ প্রধান, ইসলামী ঐক্যজোটের মহাসচিব আবদুল করিম, বাংলাদেশ জাস্টিস পার্টির সভাপতি সৈয়দ জাভেদ মোহাম্মাদ সালেহ উদ্দিন, বাংলাদেশ মুসলিম লীগের (বিএমএল) মহাসচিব মো. নজরুল ইসলাম, বাংলাদেশ ইসলামিক পার্টির মহাসচিব আবুল কাশেম, জাতীয় পার্টির মহাসচিব আহসান হাবিব লিংকন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com



# পায়রায় কয়লা নিয়ে এলো আরও একটি জাহাজ

**নিজস্ব প্রতিবেদক :** তৃতীয় দফায় পটুয়াখালীর পায়রা তাপ বিদ্যুৎকেন্দ্রের জন্য ৩৬ হাজার ৬০০ মেট্রিকটন কয়লা নিয়ে আরও একটি বিদেশি জাহাজ এমভি জাডোর পায়রা বন্দরে পৌছেছে। বুধবার বিকালে জাহাজটি রাবনাবাদ চ্যানেলের বহির্নোঙ্গরে ভিড়েছে। ৯ দশমিক ৬৪ মিটার গভীরতার ১৮৯ দশমিক ৯৯ মিটার দীর্ঘ ও ৩২ দশমিক ২৫ মিটার প্রস্থের এ জাহাজটি বৃহস্পতিবার (৬ জুলাই) দুপুরে চ্যানেলের ইনার এঙ্কোরেজে নিয়ে আসা হয়। সেখান লাইটারিং শেষে পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্রের জেটিতে নেয়া হবে। গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন পায়রা বন্দরের উপ-পরিচালক আজিজুর রহমান। পানামার পতাকাবাহী এ জাহাজটি ইন্দোনেশিয়ার বালিকপানান বন্দর ছেড়ে এসেছে। টানা ২০ দিন উৎপাদন বন্ধ থাকার পরে গত ২৩ জুন ৪১ হাজার ২০৭ মেট্রিক টন কয়লা নিয়ে এমভি 'এ্যাথেনা' জাহাজ পায়রা বন্দরে আসে। ওই কয়লা খালাশের পর ২৫ জুন থেকে পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্রের ৬৬০ মেগাওয়াট সক্ষমতার একটি ইউনিট চালু হয়। এরপর ২ জুলাই ৩৬ হাজার ৫৭০ মেট্রিক টন কয়লা নিয়ে জাহাজ 'প্যাভো ব্রেভ' পায়রা বন্দরে আসে।

# ডিজনি তারকা ও পপ গায়িকা কোকো লি আর নেই

**বিনোদন ডেস্ক :** ডিজনি তারকা ও পপ গায়িকা কোকো লি মারা গেছেন। হংকংয়ে জন্মগ্রহণকারী ৪৮ বছর বয়সী এ গায়িকা বুধবার মারা যান। সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রাম ও ফেসবুকে এক পোস্টে তার বোন এ তথ্য নিশ্চিত করেছেন। বিবিসির প্রতিবেদন অনুযায়ী, বিষণ্ণতায় ভুগছিলেন বেশ কিছুদিন ধরে। এরপরই নিলেন আত্মঘাতী সিদ্ধান্ত। লির বোন ক্যারল ও ন্যান্সি জানান, তিনি গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যার চেষ্টা করেন। এরপর তাকে হাসপাতালে ভর্তি করা হয়। কিন্তু কোমা থেকে আর ফেরেননি, পাড়ি দিয়েছেন না ফেরার দেশে। হংকংয়ে জন্মগ্রহণ করেন লি, শৈশবে তিনি যুক্তরাষ্ট্রে চলে যান। বেড়ে ওঠেন সান ফ্রান্সিসকোতে। মাধ্যমিক পড়াশোনার পর তিনি ছুটিতে তার জন্ম শহরে ফিরে যান। সেখানে একটি গানের প্রতিযোগিতায় অংশ নেন। ওই প্রতিযোগিতায় প্রথম পুরস্কার জিতেছিলেন তিনি। এর মধ্য দিয়ে তার পপ সংগীতে পথচলা শুরু হয়। লিকে নিয়ে তার বোন ক্যারল ও ন্যান্সি লেখেন, 'গত ২৯ বছরে তিনি অগণিত আন্তর্জাতিক স্বীকৃতি ও প্রশংসা পেয়েছেন। দুর্দান্ত লাইভ পারফরম্যান্সের জন্য শ্রোতাদের ওপর একটি বিস্ময়কর ছাপ রেখে গেছেন। এই বছরটি লি'র গাওয়া ক্যারিয়ারের ৩০তম বছর হিসেবে চিহ্নিত হবে।' ১৯৯৪ সালে দুটি ম্যান্ডারিন অ্যালবামের মাধ্যমে লি ম্যান্ডোপপ সংগীতে প্রবেশ করেন। পরের বছরের মধ্যে তিনি একটি ইংরেজি ভাষার অ্যালবাম বের করেন। পাশাপাশি তৃতীয় ম্যান্ডারিন অ্যালবামও প্রকাশ করেন। তিনি মুলান থিম সং 'রিফ্লেকশন' ম্যান্ডারিন ভাষায়ও গেয়েছেন। তার গান 'বিফোর আই ফল ইন লাভ' ১৯৯৯ সালে হলিউড ফিল্ম রানঅ্যাওয়ে ব্রাইড এ যখন গাওয়া হয় যেখানে কণ্ঠ মেলান বিখ্যাত অভিনয় শিল্পী জুলিয়া রবার্টস ও রিচার্ড গেরে। ১৯৯৯ সালে দক্ষিণ কোরিয়ায় মাইকেল জ্যাকসন অ্যান্ড ফ্রেন্ডস বেনিফিট কনসার্টে তিনি পারফর্ম করেন। তিনি টিভি ট্যালেন্ট শো 'চাইনিজ আইডল' অনুষ্ঠানের বিচারকও ছিলেন।

# যেভাবে শাশুড়িকে পটালেন কিয়ারা

**বিনোদন ডেস্ক :** বলিউড অভিনেত্রী কিয়ারা আদভানির সর্বশেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা 'সত্যপ্রেম কি কথা'। এই সিনেমার প্রচারের সময় তিনি জানিয়েছেন যে, কিভাবে অল্প সময়ের মধ্যে তিনি তার শাশুড়ি রিম্মা মালহোত্রাকে পটিয়েছেন। কিয়ারা বলেন যে, তিনি পানি পুরি, ফুচকা এবং গোল গাপ্পা পছন্দ করেন। তার শাশুড়িও এগুলো পছন্দ করেন। আর এভাবেই ব্যাটে বলে মিলে গেল দুইজনের। এমনকি, কিয়ারা-সিদ্ধার্থের বিয়ের অনুষ্ঠানে আলাদা করে পানি পুরির কাউন্টারও ছিল। টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদন অনুসারে, কিয়ারার শাশুড়ি বর্তমানে মুম্বাইয়ে তাদের সাথেই রয়েছেন। বিয়ের প্রথম দিনেই তারা দুইজন মিলে সবার জন্য বাড়িতে পানি পুরি বানিয়েছিলেন। এতে তার শাশুড়ি বেশ খুশি হয়েছিলেন। কিয়ারা আদভানি, বলিউড অভিনেতা সিদ্ধার্থ মালহোত্রার সাথে এই বছর ফেব্রুয়ারিতে গাঁটছড়া বাঁধেন। বর্তমানে 'সত্যপ্রেম কি কথা' সিনেমায় অভিনয়ের জন্য তিনি প্রশংসায় ভাসছেন। এমনকি তার স্বামী সিদ্ধার্থও ইনস্টাগ্রামে তার অভিনয় সম্পর্কে একটি আবেগপূর্ণ নোট লিখেছেন। খুব শীঘ্রই, কিয়ারাকে অশ্বিনী আইয়ার তিওয়ারি পরিচালিত 'গেম চেঞ্জার' সিনেমাতে দেখা যাবে। যেখানে তার সাথে কারিনা কাপুর খানও অভিনয় করবেন।

# নীল প্রজাপতিতে কাজলকে নিয়ে আসছেন কৃতি

**বিনোদন ডেস্ক :** বলিউড অভিনেত্রী কৃতী শ্যানন যে নিজের প্রযোজনা সংস্থা খোলা নিয়ে অনেকদিন থেকেই আলোচনা চলছিল। তবে 'আদিপুরুষ' সিনেমা নিয়েও কম ঝড় তুলেননি কৃতি। এরমধ্যেই সম্প্রতি 'ব্লু বাটারফ্লাই' নামে নিজের প্রযোজন সংস্থার নাম ঘোষণা করেছেন তিনি। আর তার প্রথম সিনেমার নায়িকা কাজল। টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদনে বলা হয়েছে, মঙ্গলবার সামাজিক যোগাযোগমাধ্যমে 'ব্লু বাটারফ্লাই' নামে নিজের প্রযোজন সংস্থার নাম ঘোষণা করেছেন কৃতী শ্যানন। আর তাতে মুখ্য ভূমিকায় থাকবেন কাজল। নেটফ্লিক্সে মুক্তি পাবে কৃতির এই সিনেমা। জানা যায়, নারীকেন্দ্রিক গল্প নিয়েই আসছেন তিনি। এর আগে 'দিলওয়ালে' ছবিতে কাজলের সঙ্গে স্ক্রিন শেয়ার করেছিলেন কৃতি। সেই সময় কাজলের বোনের চরিত্রে অভিনয় করেছিলেন তিনি। ইনস্টাগ্রামে অভিনেত্রী লেখেন,ꞌএবার গিয়ার বদলানোর সময় এসেছে। এই ইন্ডাস্ট্রিতে আমার ন'টা বছর স্বপ্নের মতো ছিল। ছোট্ট ছোট্ট ধাপে বাচ্চার মতো শিখেছি, বেড়ে উঠেছি আর আজকে অভিনেত্রী হয়ে উঠেছি। সিনেমা তৈরির প্রত্যেকটা পদক্ষেপ আমি প্রচণ্ড ভালোবাসি। এবার আরও কিছু করার সময় এসে গিয়েছে। এমন গল্প বলতে চাই যা আমার মন ছুঁয়ে গিয়েছে, হয়তো আপনাদেরও মন জিতে নেবে। অবশেষে অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি আমার প্রযোজনা ব্লু বাটারফ্লাই ফিল্মস২ ২০১৫ সালে মুক্তিপ্রাপ্ত 'দিলওয়ালে' ছবিতে একসঙ্গে কাজল এবং কৃতিকে দেখেছিলেন দর্শক। তার পর আরও একবার এই নতুন জুটি একসঙ্গে কাজ করবেন, খবর ছড়িয়ে পড়তেই অনুরাগীদের মধ্যে খুশির জোয়ার। কৃতির সঙ্গে এই ছবিটি প্রযোজনা করছেন বলিউডের জনপ্রিয় চিত্রনাট্যকার কণিকা ধিঁলো। এর আগে তিনি 'কেদারনাথ' এবং 'হাসিন দিলরুবা'-র মতো ছবির চিত্রনাট্য লিখেছিলেন। কৃতী জানিয়েছেন, 'সিনেমা শিল্পের প্রতিটি বিভাগ আমাকে উত্তেজিত করে। শুরু থেকেই ছবি তৈরির সঙ্গে যুক্ত থাকতে চেয়েছিলাম। একটা অসাধারণ অভিজ্ঞতার অপেক্ষায় রয়েছি।' সম্প্রতি, বক্স অফিসে কৃতী অভিনীত ছবি 'আদিপুরুষ' ব্যর্থ হয়েছে। কিন্তু কৃতী যে অতীতকে আঁকড়ে বেঁচে থাকতে চান না, অভিনেত্রীর নতুন উদ্যোগই তার অন্যতম প্রমাণ।

# টিজার প্রকাশ্যে আসতেই সমালোচনার ঝড়

**বিনোদন ডেস্ক :** বরুণ ধাওয়ান ও জাহ্নবী কাপুর অভিনীত 'বাওয়াল' সিনেমার টিজার ৫ জুলাই প্রকাশ্যে এসেছে। এটি প্রকাশ্যে আসতেই দুই ভাগে বিভক্ত হয়ে যান নেটিজেনরা। অনেকেই এই টিজারের প্রশংসা করেছেন। তবে একইসঙ্গে একদল নেটিজেন টিজারে দেখানো নাৎসি জার্মানির গ্যাস চেম্বার নিয়ে খুব একটা খুশি নন। অ্যামাজন প্রাইমে মুক্তি পেতে যাচ্ছে বরুণ ধাওয়ান ও জাহ্নবী কাপুর অভিনীত, নীতেশ তিওয়ারি পরিচালিত 'বাওয়াল'। প্রকাশ্যে এসেছে টিজার। প্রথম থেকে সাধারণ প্রেম কাহিনির মনে হলেও শেষ দৃশ্যে এসে দেখানো হয়েছে দুই মুখ্য চরিত্র বন্দি এক নাৎজি জার্মান গ্যাস চেম্বারে। দেখা যাচ্ছে অনেক মানুষের সঙ্গে বন্দি দুই তারকা, এবং প্রত্যেকে খানিক বিশুদ্ধ বাতাসের জন্য হাঁসফাঁস করছেন। তখনই একজন চেম্বারের একমাত্র ছোট্ট খোলা জায়গাটিও বন্ধ করে দিলেন। দুই মুখ্য চরিত্রের গল্প গণহত্যার প্রেক্ষাপটে তৈরি, এবং যে ব্যক্তি চেম্বারের জানালা বন্ধ করলেন তার পোশাক থেকে আন্দাজ করা যায় তিনি নাৎজি জার্মানির প্রতিনিধি।

টিজারে নেপথ্য কণ্ঠের মাধ্যমে শোনা যায় জাহ্নবী বলছেন যে 'খুব দেরি হওয়ার' আগে বরুণের ভালোবাসা তার বুঝে যাওয়া উচিত ছিল। এই টিজার প্রকাশ্যে আসার পর টুইটারে একদল নেটিজেন তাদের ক্ষোভ প্রকাশ করেন। এক নেটিজেন লেখেন, 'দাঁড়ান, শেষ দৃশ্যটা গণহত্যার ইঙ্গিত দিল? কিন্তু একটা প্রেমের গল্পে এই প্রসঙ্গ টানার অর্থ কী? যদি এটা নিয়ে ঠিকভাবে কাজ করা না যায় তাহলে প্রবল সমালোচনার ঝড় বয়ে যাবে। কোনো কিছুই ওই দুঃখজনক ঘটনাকে সঙ্গে তুলনা করা যায় না। অপর একজন লেখেন, 'গ্যাস চেম্বার? নাৎজি জার্মানি?' টিজার নিয়ে সালোচনা যা-ই হোক দেখার বিষয় হলো মূল সিনেমাটি কেমন। এটি দেখার জন্য মুখিয়ে আছেন চলচ্চিত্রেপ্রেমী-রা।



# 'ফিলিস্তিনি শহর জেনিনের প্রায় ৮০ শতাংশ বাড়িঘর ক্ষতিগ্রস্ত'

**আন্তর্জাতিক ডেস্ক :** ফিলিস্তিনি শহর জেনিনের প্রায় ৮০ শতাংশ বাড়িঘর সাম্প্রতিক ইসরায়েলি সামরিক অভিযানে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছেন শহরের ডেপুটি গভর্নর কামাল আবু আল রুব। ইসরায়েলি সেনাবাহিনী গত বুধবার ভোরে জেনিন থেকে সেনা প্রত্যাহার করে। এটি ছিল ২০ বছরেরও বেশি সময়ের মধ্যে শহরে ইসরায়েলিদের বড় সামরিক অভিযান। ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, ইসরায়েলি অভিযানে কমপক্ষে ১২ ফিলিস্তিনি নিহত এবং শতাধিক আহত হয়েছে। গত সোমবার শুরু হওয়া ইসরায়েলি অভিযানটি অধিকৃত পশ্চিম তীরের শহরজুড়ে ধ্বংসের ছাপ রেখে গেছে। কামাল আবু আল রুব বলেন, 'হামলায় বাড়িঘর এবং অবকাঠামোর ব্যাপক ক্ষতি হয়েছে।' তিনি বলেন, 'জেনিন শরণার্থী শিবিরের প্রায় ৮০ শতাংশ বাড়ি ধ্বংস, ক্ষতিগ্রস্ত বা পুড়িয়ে ফেলা হয়েছে। ধারণা করা হয়, জেনিন শরণার্থী শিবিরে প্রায় এক হাজার আবাসিক ইউনিটে ১৫ হাজার ফিলিস্তিনি বসবাস করে। আবু আল রুব বলেন, 'ইসরায়েলি অভিযানে কয়েক ডজন যানবাহন ও সরবরাহ লাইনও ক্ষতিগ্রস্ত হয়েছে। ইসরায়েলি এই অভিযানের তীব্র নিন্দা জানিয়েছে তুরস্ক, জর্ডান, মিসর, ইন্দোনেশিয়াসহ মুসলিম প্রধান দেশগুলো।

# মেক্সিকোতে বাস খাদে, নিহত ২৭

**আন্তর্জাতিক ডেস্ক :** মেক্সিকোর দক্ষিণাঞ্চলীয় ওক্সাকা রাজ্যে একটি বাস রাস্তা থেকে ছিটকে গিরিখাদে পড়ে ২৭ জন নিহত হয়েছেন। রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী জেসুস রোমেরো এক সংবাদ সম্মেলনে মৃতের সংখ্যা নিশ্চিত করেছেন। তিনি বলেন, 'নিহতদের মধ্যে ১৩ জন পুরুষ, ১৩ জন নারী এবং একটি শিশু ছিল। এ ঘটনায় ২১ জন আহত হয়েছেন।' তবে রাষ্ট্রপক্ষের আইনজীবী বার্নার্ডো রদ্রিগেজ আলামিল্লা নিউজ আউটলেটে এএফপিকে বলেছেন, আহতের সংখ্যা ১৭। তিনি বলেন, 'বাসটি মেক্সিকো সিটি থেকে ইয়োসোন্ডুয়া যাওয়ার সময় মাগডালেনা পেনাস্কো শহরের কাছে একটি হাইওয়ে থেকে উল্টে যায়। এটি প্রায় ২৫ মিটার (৮০ ফুট) গভীর একটি খাদে পড়ে গেছে।' ওক্সাকা স্টেট হাইওয়ে পুলিশ পরিচালক টোরিবিও লোপেজ সানচেজ টুইটার পোস্টে লেখেন, 'মাগডালেনা পেনাস্কো শহরে মর্মান্তিক দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে ওই এলাকায় চলাচলকারী মোটরচালকদের চরম সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছে।' সোশাল মিডিয়ায় গত বুধবার ওক্সাকা রাজ্যের গভর্নর সালোমন জারা ক্রুজ লেখেন, 'মাগডালেনা পেনাস্কোতে ঘটে যাওয়া দুর্ঘটনার জন্য আমরা গভীরভাবে অনুতপ্ত।

# মার্কিন ড্রোনগুলোকে নাজেহাল করেছে রাশিয়ান যুদ্ধবিমান : যুক্তরাষ্ট্র

**আন্তর্জাতিক ডেস্ক :** রাশিয়ান যুদ্ধবিমান গত বুধবার সিরিয়ার আকাশসীমায় তিনটি আমেরিকান ড্রোনকে নাজেহাল করেছে। ড্রোনগুলো এ সময় জিহাদিদের বিরুদ্ধে মিশনে অংশ নিচ্ছিল বলে এক মার্কিন কমান্ডার জানিয়েছেন। বিমান বাহিনীর লেফটেন্যান্ট জেনারেল অ্যালেক্সাস গ্রিনকেউইচ এক বিবৃতিতে বলেছেন, 'তিনটি মার্কিন এমকিউ-৯ ড্রোন আইএসআইএস লক্ষ্যবস্তুগুলোর বিরুদ্ধে একটি মিশন পরিচালনা করার সময় তিনটি রাশিয়ান যুদ্ধবিমান ড্রোনগুলোকে নাজেহাল করতে শুরু করে। রাশিয়ান জেটগুলো মার্কিন ড্রোনের সামনে প্যারাসুট ফ্লেয়ার ফেলে দেয়। তাদের এড়িয়ে যাওয়ার পদক্ষেপ নিতে বাধ্য করে। একজন পাইলট একটি এমকিউ-৯ এর সামনে তাদের প্লেনের আফটারবার্নার চালু করে। এতে অপারেটরের নিরাপদে বিমান চালানোর ক্ষমতা ব্যাহত হয়।' মার্কিন বিমান বাহিনীর বিবৃতিতে আরও বলা হয়, 'এই ঘটনাগুলো সিরিয়ায় কাজ করা রুশ বিমান বাহিনীর পেশাদার এবং অনিরাপদ কাজের আরেকটি উদাহরণ সৃষ্টি করেছে। যা মার্কিন এবং রাশিয়ান উভয় বাহিনীর নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ। গ্রিনকেউইচ মস্কোকে এই বেপরোয়া আচরণ বন্ধ করার আহ্বান জানান। মার্কিন যুক্তরাষ্ট্র বলেছে, চলতি বছরের শুরুর দিকে একটি রাশিয়ান জেট কৃষ্ণসাগরের উপর পরিচালিত একটি ড্রোনের প্রপেলারে আঘাত করেছে। এর ফলে এটি বিধ্বস্ত হয়েছে। মস্কো এর দায় অস্বীকার করেছে।



# রাশিয়ায় ফিরে গেছেন প্রিগোঝিন

## -- বেলারুশ প্রেসিডেন্ট

**আন্তর্জাতিক ডেস্ক :** রাশিয়ার ভাড়াটে সংগঠন ওয়াগনার গ্রুপের প্রধান ইয়েজেনি প্রিগোঝিন রাশিয়ায় ফিরে গেছেন বলে জানিয়েছেন বেলারুশে প্রেসিডেন্ট আলেকজান্ডার লুকাশেঙ্কো। গতকাল বৃহস্পতিবার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে দ্য গার্ডিয়ান। স্থানীয় সময় গতকাল বৃহস্পতিবার লুকাশেঙ্কো সাংবাদিকদের বলেন, ওয়াগনার প্রধান প্রিগোঝিন রাশিয়া সেন্ট পিটার্সবার্গ শহরে অবস্থান করছেন। তিনি বেলারুশের ভূখণ্ডে নেই। তিনি আরও জানান, ওয়াগনারকে তিনি বেলারুশের জন্য ঝুঁকি হিসাবে দেখেন না এবং বিশ্বাস করেন না যে ওয়াগনার যোদ্ধারা কখনও তার দেশের বিরুদ্ধে অস্ত্র ধরবে। প্রতিবেদনে জানা যায়, প্রিগোঝিনের একটি ব্যবসায়িক জেট বিমান বুধবার মস্কোর উদ্দেশ্যে সেন্ট পিটার্সবার্গ ছেড়েছে এবং ফ্লাইট ট্র্যাকিং ডেটা অনুসারে গতকাল বৃহস্পতিবার জেটটি দক্ষিণ রাশিয়ার দিকে যাচ্ছিল।

# কেন বার বার কোরআন অবমাননা হয় সুইডেনে

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউরোপের শান্তিপূর্ণ দেশ হিসেবে খ্যাতি আছে সুইডেনের। কিন্তু প্রায়ই দেশটিতে ইসলাম ধর্মের অবমাননার ছাপ পাওয়া যায়। গত বুধবার আবারো দেশটির রাজধানী স্টকহোমের একটি মসজিদের বাইরে এমন ঘটনা ঘটান এক ব্যক্তি। এরপর আবারও বিশ্বের তীব্র ক্ষোভের মুখে পড়ে সুইডেন। বিবিসির এক প্রতিবেদনে বলা হয়, এরকম ঘটনা এটিই প্রথম নয়। দেশটি মুসলিমদের পবিত্র ধর্মগ্রন্থ কোরআন অবমাননার জন্য বিশ্বজুড়ে বারবার খবরের শিরোনামে এসেছে। সুইডিশ রাজধানী স্টকহোমের প্রধান মসজিদের সামনে ঈদুল আজহার দিনে প্রকাশ্যে কোরআন যিনি আগুন দিলেন, তিনি এক ইরাকি বংশোদ্ভূত ব্যক্তি। তার নাম সালওয়ান মোমিকা। তিনি পাঁচ বছর আগে অভিবাসী হিসেবে সুইডেনে আসেন।



কিন্তু সংবাদমাধ্যমকে তিনি জানিয়েছেন এখন তার সুইডিশ পাসপোর্ট রয়েছে। সুইডেনের গণমাধ্যম এর বরাত দিয়ে বিবিসি জানায়, তিনি নিজেকে একজন নাস্তিক বলে দাবি করেন। তার ভাষ্য, পশ্চিমা সমাজের গণতন্ত্র, ন্যায়বিচার, মানবাধিকার এবং নারী অধিকারের মতো বিষয়গুলোর সাথে কোরআন সাংঘর্ষিক এবং তাই এটা নিষিদ্ধ করা উচিত। কিন্তু সুইডেনে প্রকাশ্যে কোরআনের অবমাননার কাজটি তিনিই প্রথম করেননি। এরও আগেও বেশ কয়েক বার সুইডেনে কোরআন পোড়ানো হয়েছে। গত এপ্রিল মাসে মালমো শহরে স্ট্রাম কুর্স নামের একটি কট্টর ডানপন্থী সংগঠন কোরআন শরিফ পোড়ায় এবং এর জেরে সে দেশে ব্যাপক বিক্ষোভ চলে। প্রতিবেদনে আরও বলা হয়, ডেনমার্ক ও সুইডেনের কট্টর ডানপন্থী রাজনৈতিক দল স্ট্রাম কুর্স অভিবাসন-বিরোধী ও ইসলাম-বিদ্বেষী বলে পরিচিত। সংগঠনটির নেতৃত্বে রয়েছেন রাসমুস পালুদান নামের একজন উগ্রপন্থী। চলতি বছর জানুয়ারিতে এবং ২০২০ সালেও সুইডেনে একই রকম ঘটনা ঘটেছে। সুইডিশদের সাথে ইসলামের প্রথম পরিচয় হয় ১৬শ-১৭শ শতকে, যখন দেশটি সামরিক শক্তি অর্জন করছিল।

# দক্ষিণ আফ্রিকায় গ্যাস লিক করে ১৬ জনের মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** বিষাক্ত নাইট্রেট অক্সাইড গ্যাস লিক করে দক্ষিণ আফ্রিকায় অন্তত ১৬ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে পাঁচজন নারী ও তিনটি শিশু রয়েছে। গত বুধবার জোহানেসবার্গের বোকসবার্গের একটি অনুমোদনহীন বসতিতে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করে দেশটির জরুরি সেবা-বিষয়ক দপ্তরের মুখপাত্র উইলিয়াম নাটলাদি এএফপিকে বলেন, আমরা এখানে ১৬ জনের মৃত্যুর বিষয়ে নিশ্চিত হয়েছি।


এর মধ্যে পাঁচজন নারী ও তিনটি শিশু রয়েছে। কয়েকজনকে অসুস্থ অবস্থায় হাসপাতালে নেয়া হয়েছে। তিনি জানান, হাসপাতালে ভর্তি হওয়া ব্যক্তিদের মধ্যে চারজনের অবস্থা আশঙ্কাজনক। আরও ১১ জন আপাতত আশঙ্কামুক্ত থাকলেও তাদের অবস্থা গুরুতর।

উইলিয়াম আরও বলেন, জরুরি সেবা-বিষয়ক দপ্তরের কর্মীরা রাত ৮টা নাগাদ গ্যাস লিকেজের খবর পায়।

## বিনোদন

# ভুলভাবে আমার বক্তব্যকে উপস্থাপন করা হয়েছে: নিশো

**বিনোদন ডেস্ক :** সম্প্রতি সিনেমায় অভিষেক হয়েছে ছোটপর্দার জনপ্রিয় অভিনেতা আফরান নিশোর। গেলো ঈদে মুক্তি পায় তার অভিনীত 'সুড়ঙ্গ' সিনেমা। এরইমধ্যে তার একটি মন্তব্যকে ঘিরে চারদিকে ব্যাপক আলোচনা চলছে। এক সাক্ষাৎকারে নিশো বলেন, আমি তো সো-কল্ড ওই হিরো না যে, বিয়ে করে বউয়ের কথা বলব না। বাচ্চার কথা বলব না। তার এমন বক্তব্য ঢাকাই সিনেমার শীর্ষ নায়ক শাকিব খানকে ইঙ্গিত করেছেন বলে অনেকেই মনে করছেন। এবার বিষয়টি নিয়ে মুখ খুললেন নিশো। এ অভিনেতা বলেন, কাউকে ইঙ্গিত করে কথাটি বলিনি। না বুঝে আমার বক্তব্যকে ভুলভাবে উপস্থাপন করা হয়েছে। আসলে আমি নিজের কথাই বুঝিয়েছি। নিশো বলেন, আমাদেরকে শেখানো হতো নিজের ব্যক্তিগত বিষয়গুলো না বলার জন্য। প্রেমের কথা বললে মেয়েরা পছন্দ করবে না।



দর্শক পছন্দ করবে না। এই কথাটাই বলেছি যে ওই সো-কল্ড হিরোইজম তো ফলো করি না। ওই হিরো আমি না যে, বিয়ের কথা বলা যাবে না। বউয়ের কথা বলা যাবে না। বাচ্চার কথা বলা যাবে না বা বয়সের কথা বলা যাবে না। তিনি আরও বলেন, আমি হিরোটাও হতে চাই না, যে কি না মানুষের কাছাকাছি পৌঁছাতে পারবে না। অভিনয়টা আমার অবজারভেশন থেকে আসে। এটা আমার দর্শন। আমি আমার কথা বলেছি। আমি একজন অভিনেতা। বয়স, বউ-বাচ্চা নিয়ে কখনো চাপ ফিল হয় নাই। তাই কথা প্রসঙ্গে আমি ওই ফিলোসফির কথা বলেছি যে, কিন্তু আমি এই জেনারেশনের অভিনেতা। ওই ফিলোসফিটা মেইনটেইন করতে চাই না। এখন এটা যদি কেউ ভেবে থাকেন যে, কাউকে ইঙ্গিতপূর্ণভাবে বলেছি, আমি ওখানে কারো নামও নিইনি। এটাকে ভুলভাবে উপস্থাপন করা হয়েছে।



# যে কারণে প্রেক্ষাগৃহে ছুটে যান বুবলী

**বিনোদন ডেস্ক :** অতীত মনে রাখা মানুষের সংখ্যা মূলত কম। রূপালি জীবনে সেটি আরও বেশি। অথচ নায়িকা শবনম বুবলীর বেলায় সেই অতীতটাই দারুণ ঝলমলে হয়ে ধরা দিলো বুধবার রাতে।তার অতীত অধ্যায়ের ৪০ জন সহকর্মী দল বেঁধে গেলেন সিনেমা হলে, দেখলেন 'প্রহেলিকা'। খবরটি পেয়ে প্রেক্ষাগৃহে ছুটে যান বুবলী। তৈরি হয় অন্যরকম আবেগ আর আনন্দের আবহ। বর্তমানের গল্প বলার আগে বুবলীর অতীত টানা যাক। অনেকেই জানেন, সিনেমায় আসার আগে বুবলী ছিলেন পেশাদার সংবাদ সঞ্চালক। কাজ করতেন বাংলা ভিশনের বার্তা বিভাগে। টিভি পর্দায় খবর পাঠ করতে গিয়েই নজরে পড়েন ঢালিউডের। প্রস্তাব আসে শাকিব খানের দরবার থেকে। সম্মতির পর আর পেছন ফিরে তাকাতে হয়নি। দুজনে টানা এক ডজন ছবির জন্ম দেন। বছর দুয়েক হলো, ঢালিউডের সফল পুতুল নায়িকা থেকে বেরিয়ে অভিনেত্রীতে নিজেকে রূপান্তর ঘটান বুবলী। সিনেমার সঙ্গে কাজ করে মুগ্ধতা ছড়ান ওটিটি প্ল্যাটফর্মেও। সেই সূত্রে এই ঈদের পাঁচ ছবির মধ্যে দুটোই (প্রহেলিকা ও ক্যাসিনো) বুবলীর দখলে। এরমধ্যে দারুণ সাড়া মিলছে গল্প নির্ভর সিনেমা 'প্রহেলিকা'য় অর্পা চরিত্রের সুবাদে। যে ছবির মাধ্যমে আট বছর পর মাহফুজ আহমেদ ফিরলেন বড় পর্দায়। হাতের লাঠি হিসেবে পেলেন ঢালিউডের অভিজ্ঞ শবনম বুবলীকে। ফলাফল, মুক্তির টানা এক সপ্তাহ চলছে হাউজফুল। তারই অংশ হিসেবে বুধবার সন্ধ্যায় বসুন্ধরার স্টার সিনেপ্লেক্সে সন্ধ্যার শো দেখলেন বুবলীর প্রাক্তন সহকর্মীরা। শবনমবলেন, 'আমি যতদূর জানতে পেরেছি, দেশের প্রায় সবগুলো টিভি চ্যানেলে কর্মরত সংবাদ সঞ্চালকদের বড় একটা দল এদিন এসে আমার ছবিটি দেখেছেন। ৪০/৪৫ জন হবেন। এটা তো আমার জন্য অবিশ্বাস্য আনন্দের খবর। আমি মুগ্ধ ও বিস্মিত আমার প্রতি এই মানুষগুলোর ভালোবাসা দেখে।

আমি সত্যি অনেক গর্বিত যে, সংবাদ উপস্থাপনার মতো এমন একটি চ্যালেঞ্জিং, সম্মানিত আর পরিশীলিত কাজের সঙ্গে যুক্ত ছিলাম। এখন আমি সেই কাজটিতে নেই, অথচ আমার পুরনো কলিগরা প্রমাণ করলেন না থেকেও আমি কতোটা আছি তাদের ভেতর। আমার সিনেমা জীবনে এত বড় সারপ্রাইজ আর পাইনি।' এমন ঘটনার কথা আগাম যে জানতেন না, তা নয়। তবে বিষয়টির পরিসর যে এত বড় হবে, সেটি অনুমানের বাইরে ছিলো বুবলীর। বুধবার সন্ধ্যায় শবনম বুবলী ব্যস্ত ছিলেন শহরের অন্য প্রান্তে একটি টিভি লাইভে।

# মা হলেন সানা খান



**বিনোদন ডেস্ক :** একসময় ধর্মের টানে বিনোদন দুনিয়াকে বিদায় জানিয়েছিলেন বলিউডের সাবেক অভিনেত্রী সানা খান। আপাতত মৌলানা আনাস সাইয়াদকে বিয়ে করে সংসার করেছেন সানা। ১৫ বছরের অভিনয় জীবনে ইতি টেনে ইসলাম নির্দেশিত ধর্মীয় জীবনের পথ বেছে নেয়া সাবেক এই অভিনেত্রী সম্প্রতি মা হয়েছেন। ফুটফুটে পুত্র সন্তানের মা হওয়ার কথা সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করে নিজেই জানিয়েছেন সানা। হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, বুধবার ইনস্টাগ্রামে এক ভিডিওবার্তায় মা হওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন সাবেক অভিনেত্রী সানা খান। জানা যায়, মা ও শিশু দুজনেই সুস্থ আছেন। ইনস্টাগ্রাম পোস্টে সানা ও সৈয়দ তাদের দুজনের হাতের সঙ্গে একটি ফুটফুটে হাতের অ্যানিমেশন ছবি পোস্ট করে লেখেন, 'আমাদের সন্তানের জন্য যেন আমরা আমাদের সেরাটা দিতে পারি, আল্লাহর কাছে এই প্রার্থনাই করি। আল্লাহর উপহার, আমাদের আরও ভালো হতে হবে। আপনাদের এই ভালোবাসা, দোয়া আমাদের এই যাত্রাপথকে আরও সমৃদ্ধ করেছে। সবাইকে ধন্যবাদ।' এদিকে অভিনয় ছাড়লেও সানা খানের উপর থেকে স্পটলাইট পুরোপুরি সরে যায়নি। মা হওয়ার পর থেকে সোশ্যাল মিডিয়ায় শুভেচ্ছায় ভাসছেন তিনি। ২০২০ সালের ২১ নভেম্বর মুফতি আনাসকে বিয়ে করেন সানা।

# শাকিবকে নিয়ে কাজ করতে চান চয়নিকা

**বিনোদন ডেস্ক :** শাকিব খান প্রসঙ্গে চয়নিকা বলেন, 'তিনি হলেন সুপারস্টার। তাকে নিয়ে কাজ করতে চাই, তিনি চাইলেই হবে। এর মধ্যে আমরা গল্প নিয়েও আলাপ করেছি।' 'প্রিয়তমা' সিনেমাটিও দেখেছেন চয়নিকা। হিমেল আশরাফ পরিচালিত 'প্রিয়তমা' সিনেমায় সুমন চরিত্রে অভিনয় করেছেন শাকিব খান। আর ইতি চরিত্রে দেখা গেছে ইধিকা পালকে। সিনেমাটি প্রসঙ্গে চয়নিকার ভাষ্য: 'আমি তো রোমান্টিক গল্পের নির্মাতা। তাই, সুমন ও ইতির ভালোবাসার গল্পটা আমাকে টেনেছে।'

# মুক্তির আগেই ৫০০ কোটি টাকা আয়

**বিনোদন ডেস্ক :** এবার পালা 'জওয়ান'-এর। দক্ষিণী পরিচালক অ্যাটলির এ সিনেমার মাধ্যমে প্যান ইন্ডিয়ান সিনেমা দুনিয়ায় পা রাখতে চলেছেন শাহরুখ। দীর্ঘ জল্পনার পর অবশেষে আগামী ৭ সেপ্টেম্বর মুক্তি পেতে চলেছে জওয়ান। তার পরেই আসবে 'ডাঙ্কি'। রাজকুমার হিরানি পরিচালিত এ সিনেমায় তাপসী পান্নুর সঙ্গে জুটি বেঁধেছেন শাহরুখ। চলতি বছরের শেষে মুক্তি পাওয়ার কথা রয়েছে সিনেমাটির। তবে তার আগেই এই দুই সিনেমা থেকে প্রায় ৫০০ কোটি টাকা আয় করেছেন শাহরুখ। কিন্তু কীভাবে? হিন্দুস্তান টাইমসের এক প্রতিবেদন থেকে জানা যায়, রেকর্ড দামে বিক্রি হয়েছে জওয়ান ছবির গানের স্বত্ব। শুধু গানের স্বত্বই নয়, স্যাটেলাইট, ডিজিটাল ও গানের স্বত্ব মিলিয়ে প্রায় ২৫০ কোটি টাকা পকেটে এসেছে নির্মাতাদের। একই পথে হেঁটেছে রাজকুমার হিরানির ডাঙ্কিও। প্রায় ২৩০ কোটি টাকায় বিক্রি হয়েছে এ সিনেমার স্যাটেলাইট, ডিজিটাল ও গানের স্বত্ব। সব মিলিয়ে এরইমধ্যে প্রায় ৪৮০ কোটি টাকার ব্যবসা করে ফেলেছে শাহরুখের আসন্ন দুটি সিনেমা জওয়ান ও ডাঙ্কি। অ্যাটলির জওয়ান সিনেমায় ফের অ্যাকশন হিরোর ভূমিকায় দেখা যাবে শাহরুখকে।

